



ci xpv%es gOY ^UCj cEAGv
cYE mgab AaAqWk ^ I qvnGQ %aGvAbxj b Ki G Zy %AaAqW ^K ^hKvBmRbkx i FvGfK
cE? mgab yLQ cv G mnBB

প্রশ্ন ১ একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 540 বর্গ সে.মি.। এর দৈর্ঘ্য 7 সে.মি. কম হলে এটি একটি বর্গক্ষেত্র হয়। আয়তক্ষেত্রটির ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট একটি সমদ্বিবাছ ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য 36 সে.মি.।

[ঢাকা বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং c]

- ক. একটি চাকা 200π সে.মি. পথ যেতে 10 বার ঘুরলে, চাকাটির ব্যাসার্ধ নির্ণয় কর। ২
খ. আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
গ. ত্রিভুজটির পরিসীমা নির্ণয় কর। ৪

১ নং প্রশ্নের সমাধান

ক চাকাটি 10 বার ঘুরে অতিক্রম করে 200π সে.মি.

$$\therefore \text{ " } 1 \text{ " " " " " } \frac{200\pi}{10} \text{ "}$$

$$= 20\pi \text{ সে.মি.}$$

চাকার ব্যাসার্ধ, r হলে, পরিধি $= 2\pi r$

শর্তমতে, $2\pi r = 20\pi$

$$\text{বা, } r = 10$$

সুতরাং চাকার ব্যাসার্ধ 10 সে.মি. (Ans.)

খ ধরি, আয়তক্ষেত্রের দৈর্ঘ্য x সে.মি.

এবং " প্রস্থ y সে.মি.

সুতরাং আয়তক্ষেত্রের ক্ষেত্রফল xy বর্গ সে.মি.

শর্তমতে, $xy = 540 \dots \dots$ (i)

এবং $x - 7 = y \dots \dots$ (ii)

(ii) নং হতে y এর মান (i) নং এ বসিয়ে পাই,

$$x(x - 7) = 540$$

$$\text{বা, } x^2 - 7x = 540$$

$$\text{বা, } x^2 - 7x - 540 = 0$$

$$\text{বা, } x^2 - 27x + 20x - 540 = 0$$

$$\text{বা, } x(x - 27) + 20(x - 27) = 0$$

$$\text{বা, } (x - 27)(x + 20) = 0$$

সুতরাং $x = 27$ [যেহেতু $x = -20$ গ্রহণযোগ্য নয়]

\therefore আয়তক্ষেত্রের দৈর্ঘ্য 27 সে.মি.। (Ans.)

গ মনে করি, সমদ্বিবাছ ত্রিভুজের সমান সমান বাহুর দৈর্ঘ্য a সে.মি.

এবং ভূমি $b = 36$ সে.মি.

$$\therefore \text{ ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{b}{4} \sqrt{4a^2 - b^2}$$

শর্তমতে, $\frac{b}{4} \sqrt{4a^2 - b^2} = 540$

$$\text{বা, } \frac{36}{4} \sqrt{4a^2 - (36)^2} = 540$$

$$\text{বা, } \sqrt{4a^2 - (36)^2} = \frac{540}{9}$$

$$\text{বা, } 4a^2 - 1296 = (60)^2$$

$$\text{বা, } 4a^2 = 3600 + 1296$$

$$\text{বা, } a^2 = 1224$$

$$\therefore a = 6\sqrt{34}$$

$$\therefore \text{ ত্রিভুজের পরিসীমা} = (6\sqrt{34} + 6\sqrt{34} + 36) \text{ সে.মি.}$$

$$= 105.97 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ২ একটি বেলনাকার পিলারের আয়তন 180π ঘনমিটার। এর ভূমির ক্ষেত্রফল 9π বর্গমিটার। 6 মিটার দীর্ঘ একটি মই ভূমির সাথে 30° কোণ করে পিলারে ঠেস দিয়ে রাখা আছে। মইটির গোড়া এর পূর্বের অবস্থান থেকে পিলারের দিকে x মিটার এগিয়ে এনে ভূমির সাথে 45° কোণ করে পিলারে ঠেস দিয়ে রাখা হলো।

[ঢাকা বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৯]

- ক. কোনো রম্বসের ক্ষেত্রফল 160 বর্গ সে.মি. এবং একটি কর্ণ 20 সে.মি. হলে, অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
খ. পিলারটির বক্রপৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
গ. x এর মান নির্ণয় কর। ৪

২ নং প্রশ্নের সমাধান

ক রম্বসের একটি কর্ণ, $d_1 = 20$ সে.মি.

এবং রম্বসের ক্ষেত্রফল = 160 বর্গ সে.মি.

মনে করি, অপর কর্ণটি d_2 সে.মি.

শর্তমতে,

$$\frac{1}{2} \times d_1 \times d_2 = 160$$

$$\text{বা, } \frac{1}{2} \times 20 \times d_2 = 160$$

$$\therefore d_2 = 16$$

সুতরাং অপর কর্ণের দৈর্ঘ্য 16 সে.মি. (Ans.)

খ মনে করি, পিলারের ভূমির ব্যাসার্ধ r মিটার

এবং উচ্চতা h মিটার

সুতরাং ভূমির ক্ষেত্রফল πr^2 বর্গমিটার

এবং আয়তন $\pi r^2 h$ ঘনমিটার

শর্তমতে, $\pi r^2 = 9\pi$

$$\text{বা, } r^2 = 9$$

$$\therefore r = 3 \text{ মিটার}$$

$$\text{এবং } \pi r^2 h = 180\pi$$

$$\text{বা, } (3)^2 \times h = 180$$

$$\therefore h = 20 \text{ মিটার}$$

পিলারের বক্রতলের ক্ষেত্রফল = $2\pi rh$ বর্গমিটার

$$= (2\pi \times 3 \times 20) \text{ বর্গমিটার}$$

$$= 120\pi \text{ বর্গমিটার (Ans.)}$$

গ ধরি, মইটিকে পূর্বের অবস্থান থেকে x মিটার ভূমি বরাবর সরানো হয়।


এখন, $AC = DE = 6$ মিটার

$$\text{এবং } BE = BC + x$$

$\triangle BDE$ -এ,

$$\cos \angle BED = \frac{BE}{DE}$$

$$\text{বা, } \cos 30^\circ = \frac{BC + x}{6}$$



বা, $BC + x = 6 \times \frac{\sqrt{3}}{2}$

∴ $BC + x = 3\sqrt{3} \dots \dots$ (i)

আবার, $\triangle ABC$ -এ

$\cos \angle ACB = \frac{BC}{AC}$

বা, $\cos 45^\circ = \frac{BC}{6}$

বা, $BC = 6 \times \frac{1}{\sqrt{2}}$

∴ $BC = 3\sqrt{2} \dots \dots$ (ii)

(i) থেকে (ii) বিয়োগ করে পাই,

$x = 3\sqrt{3} - 3\sqrt{2} = 3(\sqrt{3} - \sqrt{2}) = 0.9535$

∴ $x = 0.95$ মিটার (প্রায়) (Ans.)

প্রশ্ন ৩ একটি ত্রিভুজের তিনটি বাহুর অনুপাত 4 : 5 : 7 এবং পরিসীমা 64 সে.মি.। ত্রিভুজটির পরিসীমার সমান পরিসীমাবিশিষ্ট সামান্দ্রিকের সন্নিহিত বাহুদ্বয়ের একটির দৈর্ঘ্য 12 সে.মি. এবং একটি কর্ণের দৈর্ঘ্য 28 সে.মি.।

[রাজশাহী বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং c]

- ক. বেলনাকার দন্ডের ভূমির ব্যাসার্ধ 6 সে.মি. ও আয়তন 180π ঘন সে.মি. হলে, এর উচ্চতা নির্ণয় কর। ২
- খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। 8
- গ. সামান্দ্রিকটির অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। 8

৩ নং প্রশ্নের সমাধান

ক বেলনাকার দন্ডের ভূমির ব্যাসার্ধ, $r = 6$ সে.মি. এবং আয়তন 180π ঘন সে.মি. মনে করি, এর উচ্চতা h সে.মি.

প্রশ্নমতে, $\pi r^2 h = 180\pi$

বা, $\pi \times (6)^2 \times h = 180\pi$

বা, $h = \frac{180\pi}{36\pi}$

∴ $h = 5$

সুতরাং দন্ডের উচ্চতা 5 সে.মি. (Ans.)

খ মনে করি, ত্রিভুজের বাহুদ্বয় $4x, 5x$ এবং $7x$ সে.মি. প্রশ্নমতে, ত্রিভুজের পরিসীমা 64 সে.মি.

∴ $4x + 5x + 7x = 64$

বা, $16x = 64$

বা, $x = \frac{64}{16}$

∴ $x = 4$

∴ ত্রিভুজের বাহুদ্বয় যথাক্রমে 16 সে.মি., 20 সে.মি.

এবং 28 সে.মি.

এখন, ত্রিভুজের পরিসীমা, $2s = 64$ সে.মি.

∴ অর্ধপরিসীমা, $s = 32$ সে.মি.

সুতরাং ত্রিভুজের ক্ষেত্রফল

$= \sqrt{32(32-28)(32-20)(32-16)}$ বর্গ সে.মি.

$= \sqrt{32 \cdot 4 \cdot 12 \cdot 16}$ বর্গ সে.মি.

$= 64\sqrt{6}$ বর্গ সে.মি.

$= 156.77$ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

গ সামান্দ্রিকের একটি বাহু 12 সে.মি. এবং পরিসীমা 64 সে.মি.


মনে করি, সামান্দ্রিকের অপর বাহু x সে.মি.

সুতরাং $2(x + 12) = 64$

বা, $x + 12 = 32$

∴ $x = 20$

সামান্দ্রিকের বাহুদ্বয় 20 সে. মি. ও 12 সে.মি. এবং একটি কর্ণ 28 সে.মি.



মনে করি, ABCD সামান্দ্রিকের $AB = a = 20$ সে.মি., $AD = BC = b = 12$ সে.মি.।

এবং কর্ণ $AC = c = 28$ সে.মি.

D ও C থেকে AB এর উপর এবং AB এর বর্ধিতাংশের উপর DF ও CE লম্ব টানি। B, D যোগ করি।

$\triangle ABC$ এর অর্ধপরিসীমা, $s = \frac{20 + 12 + 28}{2}$ সে.মি.
 $= 30$ সে.মি.

∴ $\triangle ABC$ এর ক্ষেত্রফল $= \sqrt{s(s-a)(s-b)(s-c)}$ বর্গ একক
 $= \sqrt{30(30-20)(30-12)(30-28)}$ বর্গ সে.মি.
 $= \sqrt{30 \cdot 10 \cdot 18 \cdot 2}$ বর্গ সে.মি.
 $= \sqrt{10800}$ বর্গ সে.মি.
 $= 103.92$ বর্গ সে.মি. (প্রায়)

আবার, $\triangle ABC$ এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AB \times CE$

বা, $103.92 = \frac{1}{2} \times 20 \times CE$

বা, $CE = 10.392$

এখন, $\triangle BCE$ সমকোণী ত্রিভুজে

$BC^2 = BE^2 + CE^2$

বা, $BE^2 = BC^2 - CE^2$

$= (12)^2 - (10.392)^2$

$= 144 - 107.9936$

$= 36.006$

∴ $BE = 6$ সে.মি. (প্রায়)

এখন, $BF = AB - AF$

$= AB - BE$

$= 20 - 6$

∴ $BF = 14$ সে.মি.

আবার, $\triangle BDF$ সমকোণী ত্রিভুজ থেকে পাই,

$BD^2 = BF^2 + DF^2$



$$= (14)^2 + (10.392)^2 \quad [\square \text{ DF} = \text{CE} = 10.392 \text{ সে.মি.}]$$

$$= 196 + 107.9936$$

$$= 303.9936$$

∴ BD = 17.435 সে.মি. (প্রায়) (Ans.)

প্রশ্ন 8 নদীর তীরে A বিন্দুতে ঠিক সোজাসুজি অপর তীরে B বিন্দুতে থাকা 65 মিটার দীর্ঘ একটি গাছের শীর্ষবিন্দুর উন্নতি কোণ 45°। A বিন্দু থেকে x মিটার পিছিয়ে গেলে D বিন্দুতে উন্নতি কোণ হয় 30°। বাড়ে গাছটি এমনভাবে ভেঙ্গে গেল যেন ভাঙ্গা অংশ বিচ্ছিন্ন না হয়ে দন্ডায়মান অংশের সাথে 60° কোণ তৈরি করে ভূমি স্পর্শ করে। সমন্বিত অধ্যায় ১০ ও ১৬

[রাজশাহী বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৯]

- ক. একটি বৃত্তাংশের ক্ষেত্রফল 6π বর্গ সে.মি. এবং বৃত্তের ব্যাসার্ধ 6 সে.মি. হলে, বৃত্তাংশটি কেন্দ্রে যে কোণ উৎপন্ন করে, তা নির্ণয় কর। ২
- খ. x এর মান নির্ণয় কর। 8
- গ. গাছটির ভাঙ্গা অংশ ও দন্ডায়মান অংশ ভূমির সাথে যে ত্রিভুজ গঠন করে তার পরিসীমা নির্ণয় কর। 8

8 নং প্রশ্নের সমাধান


ক আমরা জানি, r ব্যাসার্ধের বৃত্তে কোনো চাপ কেন্দ্রে θ° কোণ উৎপন্ন করলে,

$$\text{বৃত্তকলার ক্ষেত্রফল} = \frac{\pi r^2 \theta}{360^\circ}$$

$$\text{বা, } 6\pi = \frac{\pi \times 6^2 \times \theta}{360^\circ}$$

$$\text{বা, } \theta = 60^\circ \text{ (Ans.)}$$

খ মনে করি, B বিন্দুতে অবস্থিত গাছ OB এর উচ্চতা 65 মিটার। A বিন্দুতে OB এর শীর্ষ O এর উন্নতি কোণ $\angle OAB = 45^\circ$ । A থেকে x মিটার পিছিয়ে D বিন্দুতে



O বিন্দুর উন্নতি কোণ $\angle ODB = 30^\circ$

এখন, সমকোণী ত্রিভুজ OAB-এ

$$\tan \angle OAB = \frac{OB}{AB}$$

$$\text{বা, } \tan 45^\circ = \frac{65}{AB}$$

$$\text{বা, } 1 = \frac{65}{AB}$$

$$\therefore AB = 65 \text{ মিটার}$$

আবার, সমকোণী ত্রিভুজ $\triangle ODB$ -এ

$$\tan \angle ODB = \frac{OB}{BD}$$

$$\text{বা, } \tan 30^\circ = \frac{65}{BD}$$

$$\text{বা, } \frac{1}{\sqrt{3}} = \frac{65}{BD}$$

$$\text{বা, } BD = 65\sqrt{3} \text{ মিটার}$$

এখন, $x = BD - AB$

$$= (65\sqrt{3} - 65) \text{ মিটার}$$

$$= 47.58 \text{ মিটার (প্রায়) (Ans.)}$$

গ মনে করি, সম্পূর্ণ গাছটির দৈর্ঘ্য OB = 65 মিটার এবং তা C বিন্দুতে ভেঙ্গে গিয়ে ভূমি P তে স্পর্শ করে।

$$\therefore \angle BCP = 60^\circ$$

ধরি, দন্ডায়মান অংশ BC = h মিটার

$$\therefore OC = PC = (65 - h) \text{ মিটার}$$

এখন, সমকোণী ত্রিভুজ $\triangle BPC$ -এ

$$\cos \angle BCP = \frac{BC}{PC}$$

$$\text{বা, } \cos 60^\circ = \frac{h}{65 - h}$$

$$\text{বা, } \frac{1}{2} = \frac{h}{65 - h}$$

$$\text{বা, } 2h = 65 - h$$

$$\text{বা, } 3h = 65$$

$$\therefore h = \frac{65}{3}$$

$$\text{এবং } \tan \angle BCP = \frac{BP}{BC}$$

$$\text{বা, } \tan 60^\circ = \frac{BP}{h}$$

$$\text{বা, } \sqrt{3} = \frac{BP}{\frac{65}{3}}$$

$$\text{বা, } BP = \frac{65}{3} \times \sqrt{3}$$


$$\therefore BP = \frac{65\sqrt{3}}{3} \text{ মিটার}$$

এখন $\triangle BPC$ এর পরিসীমা = (BP + BC + PC) মিটার

$$= (BP + OB) \text{ মিটার}$$

$$= \left(\frac{65\sqrt{3}}{3} + 65 \right) \text{ মিটার}$$

$$= 102.53 \text{ মিটার (প্রায়) (Ans.)}$$



প্রশ্ন 9 একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 56 সে.মি. ও 86 সে.মি.। একটি লোহার পাইপের ভেতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 10 সে.মি. ও 13 সে.মি. এবং উচ্চতা 6 মিটার।

[দিনাজপুর বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৯]

- ক. পাইপের বাইরের বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. এক ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম হলে পাইপের লোহার ওজন নির্ণয় কর। 8
- গ. ট্রাপিজিয়ামের অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্য 13 সে.মি. ও 19 সে.মি. হলে ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল নির্ণয় কর। 8

9 নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$$\text{পাইপের বাইরের ব্যাস} = 13 \text{ সে.মি.}$$

$$\therefore \text{,, ,, ব্যাসার্ধ, } R = \frac{13}{2} = 6.5 \text{ সে.মি.}$$

$$\text{এবং পাইপের উচ্চতা, } h = 6 \text{ মি.} = 600 \text{ সে.মি.}$$

$$\therefore \text{পাইপের বাইরের বক্রতলের ক্ষেত্রফল} = 2\pi R h$$



$$= 2 \times 3.1416 \times 6.5 \times 600 \text{ বর্গ সে.মি.}$$

$$= 24504.48 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

দেওয়া আছে, SSC গণিত মেইড ইজি উত্তরপত্র-১৩ঘ
পাইপের বাইরের ব্যাস = 13 সে.মি.

$$\therefore \text{,, ,, ব্যাসার্ধ, } R = \frac{13}{2} \text{ " } = 6.5 \text{ সে.মি.}$$

$$\text{,, ভিতরের ব্যাস} = 10 \text{ সে.মি.}$$

$$\therefore \text{,, ,, ব্যাসার্ধ, } r = \frac{10}{2} \text{ " } = 5 \text{ সে.মি.}$$

$$\text{এবং পাইপের উচ্চতা, } h = 6 \text{ মি.} = 600 \text{ সে.মি.}$$

$$\therefore \text{পাইপে লোহার আয়তন} = \pi R^2 h - \pi r^2 h \text{ ঘন সে.মি.}$$

$$= \pi h (R^2 - r^2)$$

$$= \pi \times 600 \times (6.5^2 - 5^2)$$

$$= \pi \times 600 \times 17.25$$

$$= 32515.56 \text{ ঘন সে.মি.}$$

$$1 \text{ ঘন সে.মি. লোহার ওজন} = 7.2 \text{ গ্রাম}$$


$$\therefore \text{পাইপের লোহার ওজন} = (32515.56 \times 7.2) \text{ গ্রাম}$$

$$= \frac{32515.56 \times 7.2}{1000} \text{ কিলোগ্রাম}$$

$$= 234.112032 \text{ কিলোগ্রাম}$$

$$= 234.112 \text{ কিলোগ্রাম (প্রায়) (Ans.)}$$

গ



এখানে,
AB = 56 সে.মি., BC = 19 সে.মি., CD = 86 সে.মি., AD = 13 সে.মি.। CD থেকে AB এর সমান করে DE অংশ কেটে নেই এবং B, E যোগ করি। এখন AB = DE এবং AB || DE, অতএব ABED একটি সামান্তরিক।

সুতরাং,
BE = AD = 13 সে.মি. এবং CE = CD - DE
= CD - AB
= (86 - 56) সে.মি.
= 30 সে.মি.

$$\triangle BEC \text{ এর অর্ধপরিসীমা} = \frac{13 + 19 + 30}{2}$$

$$= 31 \text{ সে.মি.}$$

$$\therefore \triangle BEC \text{ এর ক্ষেত্রফল} = \sqrt{31(31-13)(31-19)(31-30)}$$

$$= 81.829 \text{ বর্গ সে.মি.}$$

B বিন্দু থেকে BF ⊥ CD অঙ্কন করি।

$$\therefore \triangle BEC \text{ এর ক্ষেত্রফল} = \frac{1}{2} \times CE \times BF$$

$$\text{বা, } 81.829 = \frac{1}{2} \times CE \times BF$$

$$\text{বা, } BF = \frac{81.829 \times 2}{CE}$$

$$= \frac{81.829 \times 2}{30}$$


$$= 5.455 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times (AB + CD) \times BF$$

$$= \frac{1}{2} \times (86 + 56) \times 5.455$$

$$= 387.305 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ৬



চিত্রে, AB = 9 মিটার, BC = 16 মিটার [কুমিল্পা বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৯]

- ক. OB এর দৈর্ঘ্য নির্ণয় কর। ২
- খ. ABCD এর ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট কোনো বর্গের বাইরে চারদিকে ২ মিটার চওড়া একটি রাস্তা আছে। রাস্তাটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
- গ. ABCD এর পরিসীমার $\frac{3}{5}$ অংশ কোনো সমবাহু ত্রিভুজের পরিসীমা হলে ত্রিভুজটির মধ্যমার দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

৬ নং প্রশ্নের সমাধান

ক চিত্রে, ABCD একটি আয়তক্ষেত্র

দেওয়া আছে, AB = 9 মিটার

এবং BC = 16 মিটার

সুতরাং CD = 9 মিটার

এখন, ΔBCD এ পিথাগোরাসের উপপাদ্যের সাহায্যে পাই,

$$BD = \sqrt{BC^2 + CD^2}$$

$$= \sqrt{16^2 + 9^2}$$

$$= \sqrt{256 + 81}$$

$$= \sqrt{337}$$

$$= 18.358 \text{ মিটার (প্রায়)}$$

$$\therefore OB = \frac{BD}{2} = \frac{18.358}{2}$$

$$= 9.179 \text{ মিটার (প্রায়) (Ans.)}$$

খ দেওয়া আছে, ABCD আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 16 মিটার

এবং প্রস্থ = 9 মিটার

$$\therefore \text{ABCD ক্ষেত্রের ক্ষেত্রফল} = \text{দৈর্ঘ্য} \times \text{প্রস্থ বর্গ একক}$$

$$= (16 \times 9) \text{ বর্গ মিটার}$$

$$= 144 \text{ বর্গ মি.}$$

প্রশ্নমতে, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = 144 বর্গ মি.

$$\therefore \text{বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য} = \sqrt{144} \text{ মিটার}$$

$$= 12 \text{ মিটার}$$

যেহেতু বর্গের বাইরে চারদিকে ২ মিটার চওড়া একটি রাস্তা আছে।

সুতরাং রাস্তাসহ বর্গের একবাহুর দৈর্ঘ্য = (12 + 2 × 2) = 16 মিটার

$$\therefore \text{রাস্তাসহ বর্গের ক্ষেত্রফল} = (16)^2 \text{ বর্গ মিটার}$$

$$= 256 \text{ বর্গ মিটার}$$



$$\therefore \text{রাস্তাটির ক্ষেত্রফল} = (256 - 144) \text{ বর্গ মিটার} \\ = 112 \text{ বর্গ মিটার (Ans.)}$$

গ ABCD আয়তক্ষেত্রের পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ) একক
 $= 2(16 + 9) \text{ মিটার}$
 $= (2 \times 25) \text{ মিটার}$
 $= 50 \text{ মিটার}$

প্রশ্নমতে, সমবাহু ত্রিভুজের পরিসীমা = $\left(\frac{3}{5} \times 50\right) \text{ মিটার}$
 $= 30 \text{ মিটার}$

\therefore সমবাহু ত্রিভুজটির এক বাহুর দৈর্ঘ্য, $a = \frac{30}{3} \text{ মিটার} = 10 \text{ মিটার}$

আমরা জানি, সমবাহু ত্রিভুজের মধ্যমার দৈর্ঘ্য = $\frac{\sqrt{3}a}{2}$ একক

\therefore ত্রিভুজটির মধ্যমার দৈর্ঘ্য = $\frac{\sqrt{3} \times 10}{2} \text{ মিটার}$
 $= 5\sqrt{3} \text{ মিটার (Ans.)}$

প্রশ্ন ৭ একটি লোহার পাইপের ভিতরের ও বাহিরের ব্যাস যথাক্রমে 14 সে.মি. ও 16 সে.মি. এবং পাইপের উচ্চতা 5 মিটার। 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম। আবার অন্য একটি বৃত্তের পরিধি = 660 মিটার।

[চটগ্রাম বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৯]

- ক. বৃত্তের ব্যাস 25 সে.মি. হলে এর ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. উদ্দীপকের আলোকে বৃত্তে অন্ডুলিখিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
 গ. পাইপের লোহার ওজন নির্ণয় কর। ৪

৭ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

বৃত্তের ব্যাস = 25 সে.মি.

\therefore ব্যাসার্ধ, $r = \frac{25}{2} \text{ সে.মি.} = 12.5 \text{ বর্গ সে. মি.}$

\therefore বৃত্তের ক্ষেত্রফল = $\pi r^2 \text{ বর্গ সে.মি.}$
 $= 3.1416 \times (12.5)^2 \text{ বর্গ সে.মি.}$
 $= 490.875 \text{ বর্গ সে.মি. (Ans.)}$

খ দেওয়া আছে,

বৃত্তের পরিধি = 660 মিটার

বৃত্তের ব্যাসার্ধ r হলে পরিধি = $2\pi r$ একক

প্রশ্নমতে, $2\pi r = 660 \text{ মিটার}$

বা, $r = \frac{660}{2\pi} \text{ মিটার}$

$= \frac{660}{2 \times 3.1416} = 105.042 \text{ মিটার}$

\therefore ব্যাস = $2 \times 105.042 \text{ মিটার} = 210.084 \text{ মিটার}$

\therefore বর্গক্ষেত্রটি বৃত্তে অন্ডুলিখিত হলে, বর্গক্ষেত্রটির কর্ণ বৃত্তের ব্যাসের সমান হবে।

\therefore বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a হলে,

কর্ণ = $a\sqrt{2}$

প্রশ্নমতে, $a\sqrt{2} = 210.084$

বা, $a = \frac{210.084}{\sqrt{2}}$

$= 148.552 \text{ মিটার (প্রায়)}$

\therefore বর্গক্ষেত্রটির ক্ষেত্রফল = $a^2 \text{ বর্গমিটার}$
 $= (148.552)^2 \text{ বর্গমিটার}$
 $= 22067.697 \text{ বর্গমিটার (প্রায়) (Ans.)}$

গ পাইপটির বাইরের ব্যাস = 16 সে.মি.

\therefore বাইরের ব্যাসার্ধ, $R = \frac{16}{2} = 8 \text{ সে.মি.}$

পাইপটির ভিতরের ব্যাস = 14 সে.মি.

\therefore পাইপটির ভিতরের ব্যাসার্ধ, $r = \frac{14}{2} = 7 \text{ সে.মি.}$

দেওয়া আছে, উচ্চতা $h = 5 \text{ মিটার} = 500 \text{ সে.মি.}$

\therefore পাইপটির বাইরের আয়তন = $\pi R^2 h \text{ ঘন সে.মি.}$
 $= \pi \times (8)^2 \times 500 \text{ ঘন সে.মি.}$
 $= 3.1416 \times 64 \times 500 \text{ ঘন সে.মি.}$
 $= 100531.2 \text{ ঘন সে.মি.}$

আবার, পাইপটির ভিতরের আয়তন = $\pi r^2 h$

$= 3.1416 \times (7)^2 \times 500 \text{ ঘন সে.মি.}$

$= 76969.2 \text{ ঘন সে.মি.}$

সুতরাং লোহার আয়তন = $100531.2 - 76969.2 = 23562 \text{ ঘন সে.মি.}$


দেওয়া আছে, 1 ঘন সে.মি. লোহার ওজন = 7.2 গ্রাম

\therefore 23562 ঘন সে.মি. লোহার ওজন = $(23562 \times 7.2) \text{ গ্রাম}$

$= 169646.4 \text{ গ্রাম}$

$= 169.6464 \text{ কি. গ্রাম (প্রায়) (Ans.)}$

প্রশ্ন ৮



চিত্রে একটি ট্রফি দেখানো হয়েছে। এর উপরের অংশের আকৃতি বৃত্তাকার, মাঝের অংশের আকৃতি বর্গাকার এবং নিচের অংশটি একটি আয়তাকার ঘনবস্তু। উপরের অংশের বাহিরের পরিধি 22 সে.মি. এবং মাঝের অংশের পরিসীমা 20 সে.মি.। উপরের অংশের সবুজ ক্ষেত্রের ক্ষেত্রফল লাল ক্ষেত্রের ক্ষেত্রফলের দ্বিগুণ। ট্রফিটির নিচের অংশের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত 5 : 4 : 3 এবং কর্ণের দৈর্ঘ্য $10\sqrt{2}$ সে.মি.।

[সিলেট বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৯]

- ক. ট্রফিটির মাঝের অংশের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. ট্রফিটির উপরের অংশের লাল ক্ষেত্রের ব্যাসার্ধ নির্ণয় কর। ৪
 গ. ট্রফিটির নিচের অংশটির সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক মনে করি,

ট্রফিটির মার্বের অংশ অর্থাৎ বর্গের একবাছ = a সে. মি.

$$\therefore 4a = 20$$

$$\text{বা, } a = 5 \text{ সে. মি.}$$

$$\therefore \text{ মার্বের অংশের ক্ষেত্রফল} = a^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= 5^2$$

$$= 25 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

খ. ধরি, বাহিরের বৃত্তের ব্যাসার্ধ r_1

এবং ভিতরের বৃত্তের ব্যাসার্ধ r_2

$$\text{প্রশ্নমতে, } 2\pi r_1 = 22$$

$$\text{বা, } r_1 = \frac{22}{2\pi}$$

$$\therefore r_1 = \frac{11}{\pi} \text{ সে.মি.}$$

চিত্রানুসারে, লাল ক্ষেত্রের ক্ষেত্রফল = πr_2^2 বর্গ সে.মি.

এবং সবুজ ক্ষেত্রের ক্ষেত্রফল = $(\pi r_1^2 - \pi r_2^2)$ বর্গ সে.মি.

$$\text{শর্তমতে, } \pi r_1^2 - \pi r_2^2 = 2\pi r_2^2$$

$$\text{বা, } \pi \left(\frac{11}{\pi}\right)^2 = 3\pi r_2^2$$

$$\text{বা, } 3r_2^2 = \frac{121}{(3.1416)^2}$$

$$\text{বা, } r_2^2 = \frac{121}{3 \times (3.1416)^2}$$

$$\text{বা, } r_2^2 = 4.087$$

$$\therefore r_2 = 2.022 \text{ সে. মি. (প্রায়) (Ans.)}$$

গ. ধরি, দৈর্ঘ্য = $5x$

$$\text{প্রস্থ} = 4x$$

$$\text{উচ্চতা} = 3x$$

$$\therefore \text{ কর্ণ} = \sqrt{(5x)^2 + (4x)^2 + (3x)^2}$$

$$= \sqrt{25x^2 + 16x^2 + 9x^2}$$

$$= \sqrt{50x^2}$$

$$= 5\sqrt{2}x$$

$$\text{প্রশ্নমতে, } 5\sqrt{2}x = 10\sqrt{2}$$

$$\text{বা, } 5x = 10$$

$$\therefore x = 2 \text{ সে. মি.}$$

$$\therefore \text{ দৈর্ঘ্য, } a = 10 \text{ সে. মি.}$$

$$\therefore \text{ প্রস্থ, } b = 8 \text{ সে. মি.}$$

$$\therefore \text{ উচ্চতা, } c = 6 \text{ সে. মি.}$$

$$\therefore \text{ নিচের অংশটির সমগ্রতলের ক্ষেত্রফল}$$

$$= 2(ab + bc + ca) \text{ বর্গ একক}$$

$$= 2(10 \times 8 + 8 \times 6 + 6 \times 10) \text{ বর্গ সে. মি.}$$

$$= 2 \times 188 \text{ বর্গ সে. মি.}$$

$$= 376 \text{ বর্গ সে. মি. (Ans.)}$$

প্রশ্ন ৯ একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 56 সে.মি. ও 86 সে.মি.। একটি লোহার পাইপের ভেতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 10 সে.মি. ও 13 সে.মি. এবং উচ্চতা 6 মিটার।

[যশোর বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৯]

ক. পাইপের বাইরের বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

২

খ. এক ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম হলে পাইপের লোহার ওজন নির্ণয় কর।

৪


গ. ট্রাপিজিয়ামের অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্য 13 সে.মি. ও 19 সে.মি. হলে ট্রাপিজিয়ামটির ক্ষেত্রফল নির্ণয় কর।

৪

৯ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ৫ নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ১০



[বরিশাল বোর্ড-২০১৯ □ প্রশ্ন নং ৯]

ক. OS এর দৈর্ঘ্য নির্ণয় কর।

২

খ. MNST চতুর্ভুজটিকে বৃত্তের বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তুটি উৎপন্ন হয়, তার সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় কর।

৪

গ. ΔPQR এর ক্ষেত্রফল কোনো বৃত্তের ক্ষেত্রফলের সমান হলে বৃত্তের পরিধি নির্ণয় কর।

৪

১০ নং প্রশ্নের সমাধান

ক. চিত্রে, MNST একটি আয়তক্ষেত্র

যার দৈর্ঘ্য, $MN = 10 \text{ cm}$

প্রস্থ, $NS = 9 \text{ cm}$

$$\therefore \text{ কর্ণ, } MS = \sqrt{10^2 + 9^2} \text{ সে.মি.}$$

$$= \sqrt{100 + 81} \text{ সে.মি.}$$

$$= \sqrt{181} \text{ সে.মি.}$$

$$= 13.4536 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ অর্ধকর্ণ, } OS = \frac{1}{2} \times 13.4536 \text{ সে.মি.}$$

$$= 6.7268 \text{ সে.মি.}$$

$$= 6.73 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

খ. MNST চতুর্ভুজটিকে বৃত্তের বাহুর চতুর্দিকে ঘোরালে একটি সমবৃত্তভূমিক বেলন উৎপন্ন হবে।

যার উচ্চতা, $h = 10 \text{ সে.মি.}$

ভূমির ব্যাসার্ধ, $r = 9 \text{ সে.মি.}$

$$\therefore \text{ বেলনের সমগ্রতলের ক্ষেত্রফল}$$

$$= 2\pi rh + 2\pi r^2$$

$$= 2\pi r(h + r)$$

$$= 2 \times 3.1416 \times 9(10 + 9) \text{ বর্গ সে.মি.}$$

$$= 1074.43 \text{ বর্গ সে.মি.}$$

আবার, MNST আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = 10×9 বর্গ সে.মি.

$$= 90 \text{ বর্গ সে.মি.}$$

\therefore বেলনের সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তক্ষেত্রের ক্ষেত্রফলের



অনুপাত = 1074.43 : 90 (Ans.)

গ দেওয়া আছে, ΔPQR একটি সমদ্বিবাহু ত্রিভুজ যার সমান সমান বাহুর দৈর্ঘ্য, $a = 7$ cm

এবং ভূমির দৈর্ঘ্য, $b = 8$ cm

$$\begin{aligned} \therefore \Delta PQR \text{ এর ক্ষেত্রফল} &= \frac{b}{4} \sqrt{4a^2 - b^2} \\ &= \frac{8}{4} \sqrt{4(7)^2 - 8^2} \text{ বর্গ সে.মি.} \\ &= 2\sqrt{196 - 64} \text{ বর্গ সে.মি.} \\ &= 2\sqrt{132} \text{ বর্গ সে.মি.} \\ &= 22.978 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

মনে করি, বৃত্তের ব্যাসার্ধ = r সে.মি.

$$\therefore \text{বৃত্তের পরিধি} = 2\pi r \text{ সে.মি.}$$

$$\therefore \text{বৃত্তের ক্ষেত্রফল} = \pi r^2 \text{ বর্গ সে.মি.}$$

শর্তানুসারে, $\pi r^2 = 22.978$

$$\begin{aligned} \text{বা, } r^2 &= \frac{22.978}{\pi} \\ &= \frac{22.978}{3.1416} \\ &= 7.314 \end{aligned}$$

$$\text{বা, } r = \sqrt{7.314}$$

$$\therefore r = 2.704 \text{ সে.মি.}$$

$$\begin{aligned} \therefore \text{বৃত্তের পরিধি} &= 2\pi r \\ &= 2 \times 3.1416 \times 2.704 \text{ সে.মি.} \\ &= 16.9897 \text{ সে.মি.} \\ &= 16.99 \text{ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন ১১ একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল 972 বর্গমিটার। আয়তক্ষেত্রের বাহুরের চতুর্দিকে $\frac{3}{2}$ মিটার চওড়া একটি রাস্তা আছে। [সকল বোর্ড-২০১৮ □ প্রশ্ন নং ৯]

- ক. x চলকের মাধ্যমে আয়তক্ষেত্রের পরিসীমা প্রকাশ কর। ২
খ. বর্গক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
গ. 0.25×0.125 বর্গমিটার তলবিশিষ্ট প্রতিটি ইটের মূল্য 15 টাকা হলে, ইট দ্বারা রাস্তাটি বাঁধাই করতে কত টাকা খরচ হবে তা নির্ণয় কর। ৪

১১ নং প্রশ্নের সমাধান

ক ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ = x মি.
,, দৈর্ঘ্য = $3x$ মি.
 \therefore আয়তক্ষেত্রের পরিসীমা = $2(3x + x) = 8x$ মি.

খ ধরি, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a মি.
 \therefore বর্গক্ষেত্রের পরিসীমা = $4a$ মি.

১ম শর্তমতে, $4a = 8x$

$$\therefore a = \frac{8x}{4} = 2x \dots \dots \dots (i)$$

২য় শর্তমতে, $3x \times x = 972$

$$\text{বা, } x^2 = 324$$

$$\therefore x = 18 \text{ মি.}$$

x এর মান (i) নং এ বসিয়ে পাই,

$$a = 2 \times 18 = 36 \text{ মি.}$$

$$\therefore \text{বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} = a^2 = 36^2 = 1296 \text{ বর্গ মি. (Ans.)}$$

গ আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য = $3x = 18 \times 3 = 54$ মি.

$$\text{,, প্রস্থ} = x = 18 \text{ মি.}$$

$$\text{রাস্তাসহ আয়তাকার ক্ষেত্রটির দৈর্ঘ্য} = \left(54 + 2 \times \frac{3}{2}\right) = 57 \text{ মি.}$$

$$\text{রাস্তাসহ আয়তাকার ক্ষেত্রটির প্রস্থ} = \left(18 + 2 \times \frac{3}{2}\right) = 21 \text{ মি.}$$

$$\therefore \text{রাস্তাসহ আয়তাকার ক্ষেত্রটির ক্ষেত্রফল} = 57 \times 21 = 1197 \text{ বর্গ মি.}$$

$$\therefore \text{রাস্তার ক্ষেত্রফল} = (1197 - 972) \text{ বর্গ মি.} = 225 \text{ বর্গ মি.}$$

$$\therefore \text{ইটের ক্ষেত্রফল} = 0.25 \times 0.125 = 0.03125 \text{ বর্গ মি.}$$

$$\therefore \text{রাস্তাটি বাঁধাই করতে ইটের প্রয়োজন} = \frac{225}{0.03125} = 7200 \text{ টি}$$

প্রতিটি ইটের মূল্য 15 টাকা হলে রাস্তাটি বাঁধাই করতে খরচ হবে = $7200 \times 15 = 108000$ টাকা (Ans.)

প্রশ্ন ১২ একটি বৃত্তাকার মাঠকে ঘিরে একটি রাস্তা আছে। রাস্তাটির বাইরের পরিধি ভিতরের পরিধি অপেক্ষা 22 মিটার বড়। প্রতি বর্গমিটার রাস্তায় ইট বসাতে খরচ হয় 300 টাকা। [ঢাকা বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৯]

- ক. 14 সে.মি. ব্যাসবিশিষ্ট বৃত্তের পরিধি নির্ণয় কর। ২
খ. রাস্তাটি কত মিটার চওড়া নির্ণয় কর। ৪
গ. মাঠের ব্যাসার্ধ 35 মিটার হলে, রাস্তাটিতে ইট বসাতে কত খরচ হবে তা নির্ণয় কর। ৪

১২ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, বৃত্তের ব্যাস, $2r = 14$ সে.মি.

আমরা জানি, বৃত্তের পরিধি = $2\pi r$ একক

$$= 14 \times 3.1416 \text{ সে.মি.}$$

$$= 43.98 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

খ মনে করি,

বৃত্তাকার মাঠের বাইরের ব্যাসার্ধ = R মিটার

এবং ভিতরের ব্যাসার্ধ = r মিটার

$$\therefore \text{রাস্তাটি চওড়া} = R - r \text{ মিটার}$$

$$\therefore \text{বৃত্তাকার মাঠের বাইরের পরিধি} = 2\pi R \text{ মিটার}$$

এবং ভিতরের পরিধি = $2\pi r$ মিটার

$$\text{প্রশ্নানুসারে, } 2\pi R - 2\pi r = 22$$

$$\text{বা, } 2\pi (R - r) = 22$$

$$\text{বা, } R - r = \frac{22}{2 \times 3.1416} = 3.50$$

$$\therefore \text{রাস্তাটি চওড়া } 3.50 \text{ মিটার (প্রায়) (Ans.)}$$

গ দেওয়া আছে, মাঠের ব্যাসার্ধ, $r = 35$ মিটার

এবং রাস্তাটি চওড়া = 3.50 মিটার [‘খ’ থেকে প্রাপ্ত]

$$\therefore \text{রাস্তাসহ মাঠের ব্যাসার্ধ, } R = (35 + 3.50) \text{ মিটার} = 38.50 \text{ মিটার}$$



∴ রাস্তার ক্ষেত্রফল = রাস্তার দুই মাঠের ক্ষেত্রফল গুণ রাস্তার চওড়া মাঠের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= \pi R^2 - \pi r^2 \\ &= \pi(R^2 - r^2) \\ &= 3.1416 \{(38.50)^2 - (35)^2\} \\ &= 3.1416 \times 257.25 \\ &= 808.18 \text{ বর্গ মিটার} \end{aligned}$$

এখানে, প্রতি বর্গমিটার রাস্তায় ইট বসাতে খরচ 300 টাকা

$$\begin{aligned} \therefore 808.18 \text{ " " " " " (808.18} \times 300) \text{ টাকা} \\ = 242454 \text{ টাকা (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন ১৩ একটি লোহার পাইপের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 14 সে.মি. ও 16 সে.মি. এবং পাইপের উচ্চতা 5 মিটার। 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2 গ্রাম।

[রাজশাহী বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৮; চট্টগ্রাম বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৯]

- ক. পাইপের বাইরের আয়তন কত? ২
 খ. পাইপের লোহার ওজন নির্ণয় কর। ৪
 গ. পাইপকে গলিয়ে 7 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি নিরেট দণ্ডে পরিণত করা হলো। দণ্ডটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

১৩ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, পাইপের বাইরের ব্যাস = 16 সে. মি.

$$\begin{aligned} \therefore \text{পাইপের বাইরের ব্যাসার্ধ, } R &= \frac{16}{2} \text{ সে. মি.} \\ &= 8 \text{ সে. মি.} \end{aligned}$$

এবং পাইপের উচ্চতা, h = 5 মিটার

$$= 500 \text{ সে. মি.}$$

আমরা জানি,

সিলিন্ডার আকৃতির পাইপের বাইরের আয়তন = $\pi R^2 h$ ঘন একক

$$= 3.1416 \times 8^2 \times 500 \text{ ঘন সে. মি.}$$

$$= 100531.2 \text{ ঘন সে. মি (প্রায়)}$$

(Ans.)

খ সৃজনশীল ৭(গ)নং সমাধান দ্রষ্টব্য।

গ 'খ' থেকে পাই,

পাইপের লোহার আয়তন = 23562 ঘন সে. মি.

দেওয়া আছে, নিরেট দণ্ডের ব্যাসার্ধ, r = 7

ধরি, দণ্ডটির দৈর্ঘ্য = h সে. মি.

$$\therefore \text{দণ্ডটির আয়তন} = \pi r^2 h \text{ ঘন সে. মি.}$$

$$= 3.1416 \times 7^2 \times h \text{ ঘন সে. মি.}$$

$$= 153.9384 h \text{ ঘন সে. মি.}$$

আবার, দণ্ডটির আয়তন = লোহার আয়তন

$$\therefore 153.9384 h = 23562$$

$$\text{বা, } h = \frac{23562}{153.9384}$$

$$\text{বা, } h = 153.0612$$

$$\therefore \text{নিরেট দণ্ডের দৈর্ঘ্য } 153.06 \text{ সে. মি. (প্রায়) (Ans.)}$$


প্রশ্ন ১৪ একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুইটির দৈর্ঘ্য যথাক্রমে 61 সে.মি. ও 41 সে.মি. এবং অপর বাহু দুইটির দৈর্ঘ্য 25 সে.মি. ও 15 সে.মি.।

[রাজশাহী বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৯]

- ক. উপরের তথ্যের আলোকে চিত্র অঙ্কন করে ট্রাপিজিয়ামের পরিসীমা নির্ণয় কর। ২
 খ. ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়কে আয়তক্ষেত্রের সন্নিহিত বাহু ধরে আয়তক্ষেত্রের ক্ষেত্রফল এবং কর্ণদ্বয়ের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১৪ নং প্রশ্নের সমাধান

ক



$$\begin{aligned} \therefore \text{ABCD ট্রাপিজিয়ামের পরিসীমা} &= AB + BC + CD + AD \\ &= (41 + 25 + 61 + 15) \text{ সে. মি.} \\ &= 142 \text{ সে. মি. (Ans.)} \end{aligned}$$

খ


প্রশ্নানুসারে,
 আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 61 সে. মি. এবং প্রস্থ = 41 সে. মি.

$$\begin{aligned} \therefore \text{আয়তক্ষেত্রের ক্ষেত্রফল} &= \text{দৈর্ঘ্য} \times \text{প্রস্থ} \\ &= (61 \times 41) \text{ বর্গ সে. মি.} \\ &= 2501 \text{ বর্গ সে. মি. (Ans.)} \end{aligned}$$

$$\begin{aligned} \text{এবং কর্ণের দৈর্ঘ্য} &= \sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2} \\ &= \sqrt{(61)^2 + (41)^2} \text{ সে. মি.} \\ &= 73.50 \text{ সে. মি. (প্রায়)} \end{aligned}$$

আয়তক্ষেত্রের প্রত্যেক কর্ণের দৈর্ঘ্য সমান হওয়ায় কর্ণদ্বয়ের প্রত্যেকটির দৈর্ঘ্য 73.50 সে.মি. (প্রায়)। (Ans.)

গ



এখানে,

$$AB = 41 \text{ সে. মি.}$$

$$BC = 25 \text{ সে. মি.}$$

$$CD = 61 \text{ সে. মি.}$$

$$AD = 15 \text{ সে. মি.}$$

CD থেকে AB সমান করে DE অংশ কেটে নিই এবং B, E যোগ করি। এখন, AB = DE এবং AB || DE, অতএব ABED একটি সামান্তরিক।

$$\begin{aligned} \therefore BE &= AD = 15 \text{ সে. মি. এবং } CE = CD - DE \\ &= CD - AB \end{aligned}$$



$$= (61 - 41) \text{ সে. মি.}$$

$$= 20 \text{ সে. মি.}$$

ΔBEC এর অর্ধপরিসীমা = $\frac{BE + CE + BC}{2}$

$$= \frac{15 + 20 + 25}{2} \text{ সে. মি.}$$

$$= 30 \text{ সে. মি.}$$

∴ ΔBEC এর ক্ষেত্রফল

$$= \sqrt{30(30 - 15)(30 - 20)(30 - 25)} \text{ বর্গ সে. মি.}$$

$$= 150 \text{ বর্গ সে.মি.}$$

B বিন্দু থেকে BF ⊥ CD আঁকি। ধরি, BF = h সে. মি.

∴ ΔBEC এর ক্ষেত্রফল = $\frac{1}{2} \times CE \times BF$

বা, $150 = \frac{1}{2} \times 20 \times h$

বা, $h = \frac{150 \times 2}{20}$

∴ BF = 15 সে. মি.

∴ ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = $\frac{1}{2} (AB + CD) BF$

$$= \frac{1}{2} (41 + 61) \times 15 \text{ বর্গ সে. মি.}$$

$$= 765 \text{ বর্গ সে. মি. (Ans.)}$$

প্রশ্ন 15 একটি বাগানের দৈর্ঘ্য 80 মিটার এবং প্রস্থ 60 মিটার। বাগানটির ভিতরে সমান পাড়বিশিষ্ট একটি পুকুর খনন করা হল।

[দিনাজপুর বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৯]

- ক. বাগানের পরিসীমা ও ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. যদি পুকুর পাড়ের ক্ষেত্রফল 804 বর্গমিটার হয়, তবে পুকুরের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর। 8
- গ. পুকুরের গভীরতা 2.75 মিটার হলে, প্রতি ঘনমিটার মাটি খনন করতে 325 টাকা হিসাবে ঐ পুকুরটির মাটি খনন করতে কত টাকা লাগবে? 8

15 নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, বাগানের দৈর্ঘ্য 80 মিটার এবং প্রস্থ 60 মিটার

∴ বাগানের পরিসীমা = 2(দৈর্ঘ্য + প্রস্থ) একক

$$= 2(80 + 60) \text{ মিটার}$$

$$= 2 \times 140 \text{ মিটার} = 280 \text{ মিটার (Ans.)}$$

এবং বাগানের ক্ষেত্রফল = (দৈর্ঘ্য × প্রস্থ) বর্গ একক

$$= (80 \times 60) \text{ বর্গ মিটার}$$

$$= 4800 \text{ বর্গ মিটার (Ans.)}$$

খ দেওয়া আছে, পুকুর পাড়ের ক্ষেত্রফল 804 বর্গমিটার

‘ক’ থেকে পাই, বাগানের ক্ষেত্রফল 4800 বর্গ মিটার

∴ পাড় বাদে পুকুরের ক্ষেত্রফল = (4800 - 804) বর্গ মিটার

$$= 3996 \text{ বর্গ মিটার}$$

মনে করি, বাগানটির ভিতরে x মিটার পাড়বিশিষ্ট পুকুর খনন করা হয়েছে।

∴ পাড় বাদে পুকুরের দৈর্ঘ্য = (80 - 2x) মিটার

পাড় বাদে পুকুরের প্রস্থ = (60 - 2x) মিটার

∴ পাড় বাদে পুকুরের ক্ষেত্রফল = (80 - 2x)(60 - 2x)

শর্তমতে, (80 - 2x)(60 - 2x) = 3996

বা, $4800 - 160x - 120x + 4x^2 = 3996$

বা, $4x^2 - 280x + 4800 - 3996 = 0$

বা, $4x^2 - 280x + 804 = 0$

বা, $4(x^2 - 70x + 201) = 0$

বা, $x^2 - 70x + 201 = 0$

বা, $x^2 - 67x - 3x + 201 = 0$

বা, $x(x - 67) - 3(x - 67) = 0$

বা, $(x - 67)(x - 3) = 0$

∴ $x - 67 = 0$

বা, $x = 67$

যাহা গ্রহণযোগ্য নয়। কারণ পাড়ের দৈর্ঘ্য বাগানের প্রস্থ অপেক্ষা বৃহত্তর হতে পারে না।

∴ $x - 3 = 0$

বা, $x = 3$

∴ পাড়বাদে পুকুরের দৈর্ঘ্য = (80 - 2 × 3) মিটার

$$= (80 - 6) \text{ মিটার}$$

$$= 74 \text{ মিটার}$$

এবং পাড়বাদে পুকুরের প্রস্থ = (60 - 2 × 3) মিটার

$$= (60 - 6) \text{ মিটার}$$

$$= 54 \text{ মিটার}$$

∴ পুকুরের দৈর্ঘ্য 74 মিটার এবং প্রস্থ 54 মিটার (Ans.)

গ ‘খ’ থেকে পাই,

পুকুরের ক্ষেত্রফল 3996 বর্গ মিটার

দেওয়া আছে পুকুরের গভীরতা 2.75 মিটার

∴ পুকুরের আয়তন = ক্ষেত্রফল × গভীরতা

$$= 3996 \times 2.75 \text{ ঘন মিটার}$$

$$= 10989 \text{ ঘন মিটার}$$

∴ ঐ পুকুরটির মাটি খনন করতে লাগবে (10989 × 325) টাকা

$$= 3571425 \text{ টাকা (Ans.)}$$

প্রশ্ন 16 একটি লোহার পাইপের ভিতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 8 সে.মি. ও 10 সে.মি. এবং পাইপের উচ্চতা 4 মিটার। 1 ঘন সে.মি. লোহার ওজন 7.2গ্রাম।

[কুমিল্লা বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৯]

ক. পাইপের পুরনো কত সে.মি. নির্ণয় করো। ২

খ. পাইপের বাইরের বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় করো। 8

গ. পাইপে ব্যবহৃত লোহার ওজন কত কে.জি. নির্ণয় করো। 8

16 নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, পাইপের বাইরের ব্যাস = 10 সে. মি.

∴ " " ব্যাসার্ধ = $\frac{10}{2}$ সে. মি. = 5 সে. মি.

পাইপের ভিতরের ব্যাস = 8 সে. মি.



∴ " " ব্যাসার্ধ = $\frac{8}{2}$ সে. মি. = 4 সে. মি.

∴ পাইপের পুরস্কৃত = $(5 - 4)$ সে. মি.
= 1 সে. মি. (Ans.)

ক 'ক' হতে পাই,
পাইপের বাইরের ব্যাসার্ধ R = 5 সে. মি.
দেওয়া আছে,
পাইপের উচ্চতা h = 4 মি.
= (4×100) সে. মি.
= 400 সে. মি.

আমরা জানি,
পাইপের বাইরের বক্রতলের ক্ষেত্রফল = $2\pi R h$ বর্গ একক
= $(2 \times \pi \times 5 \times 400)$ বর্গ সে. মি.
= 12566.4 বর্গ সে. মি.
= 1.257 বর্গ মি. (প্রায়) (Ans.)

গ পাইপের উচ্চতা, h = 4 মিটার = 400 সে.মি.
'ক' হতে পাই, পাইপের বাইরের ব্যাসার্ধ R = 5 সে.মি.
∴ পাইপের বাইরের আয়তন = $\pi R^2 h$ ঘন একক
= $3.1416 \times (5)^2 \times 400$
= 31416 ঘন সে.মি.
'ক' হতে পাই, পাইপের ভিতরের ব্যাসার্ধ, r = 4 সে.মি.
∴ পাইপের ভিতরের আয়তন = $\pi r^2 h$ ঘন একক
= $3.1416 \times (4)^2 \times 400$
= 20106.24 ঘন সে.মি.
∴ পাইপের লোহার আয়তন = $31416 - 20106.24$
= 11309.76 ঘন সে.মি.
∴ পাইপের লোহার ওজন = 11309.76×7.2 গ্রাম
= $\frac{81430.272}{1000}$ কিলোগ্রাম
= 81.43 কিলোগ্রাম (প্রায়) (Ans.)

প্রশ্ন ১৭ একটি বৃত্তের পরিধি 44 মিটার। [সিলেট বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৯]
ক. বৃত্তের ব্যাসার্ধ নির্ণয় কর। ২
খ. বৃত্তে অন্ডুল্লিখিত বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
গ. বৃত্তের পরিধি একটি সমবাহু ত্রিভুজের পরিসীমার সমান হলে এদের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় কর। ৪

১৭ নং প্রশ্নের সমাধান

ক ধরি, বৃত্তটির ব্যাসার্ধ = r
∴ " পরিধি = $2\pi r$
শর্তমতে, $2\pi r = 44$
বা, $r = \frac{44}{2 \times \pi}$
∴ r = 7 মিটার $\left[\pi = \frac{22}{7} \right]$ (Ans.)

খ বৃত্তটির ব্যাসার্ধ = 7 মিটার [ক হতে]
" ব্যাস = (7×2) মিটার

= 14 মিটার

আমরা জানি,
বৃত্তে অন্ডুল্লিখিত বর্গের কর্ণের দৈর্ঘ্য বৃত্তটির ব্যাসের সমান।
সুতরাং বর্গক্ষেত্রটির কর্ণ = 14 মিটার
ধরি, বর্গের এক বাহুর দৈর্ঘ্য a একক
∴ " কর্ণ = $\sqrt{2}a$ একক
∴ $\sqrt{2}a = 14$
বা, $a = \frac{14}{\sqrt{2}}$
∴ a = $7\sqrt{2}$ মিটার = 9.899 মিটার (প্রায়) (Ans.)

গ বৃত্তটির ব্যাসার্ধ r = 7 মিটার ['ক' থেকে]
∴ " ক্ষেত্রফল = πr^2 বর্গ একক
= $\pi(7)^2$ বর্গ মিটার
= $\frac{22}{7} \times 49$ " " $\left[\pi = \frac{22}{7} \right]$
= 154 বর্গ মিটার

আবার, যেহেতু বৃত্তের পরিধি = সমবাহু ত্রিভুজের পরিসীমা
∴ সমবাহু ত্রিভুজের পরিসীমা = 44 মিটার
ধরি, সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a
∴ পরিসীমা = 3a
∴ 3a = 44
∴ a = $\frac{44}{3}$

আমরা জানি,
সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4} a^2$ বর্গ একক
= $\frac{\sqrt{3}}{4} \left(\frac{44}{3} \right)^2$ " "
= $\frac{\sqrt{3}}{4} \times \frac{1936}{9}$ " "
= $\frac{484\sqrt{3}}{9}$ " "

∴ বৃত্ত ও সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফলের অনুপাত = $154 \div \frac{484\sqrt{3}}{9}$
= $1386 \div 484\sqrt{3}$
= $693 \div 242\sqrt{3}$
= $63 \div 22\sqrt{3}$ (Ans.)

প্রশ্ন ১৮ ABCD একটি সামান্দ্রিকের দুই বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 12 সে.মি. এবং 8 সে.মি.। এর ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য 10 সে.মি.।

[যশোর বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৮]

ক. সংক্ষিপ্ত বর্ণনাসহ চিত্রটি আঁক। ২
খ. সামান্দ্রিকের উচ্চতা নির্ণয় কর। ৪
গ. উদ্দীপকের উপাত্ত অনুসারে সামান্দ্রিকের অপর কর্ণ এবং ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১৮ নং প্রশ্নের সমাধান

গণিত পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.২ এর উদাহরণ-১২ দ্রষ্টব্য। পৃষ্ঠা- ৩০৪



[বি. দ্র. 'মিটার' এর পরিবর্তে 'সে.মি.' হবে।

$$\begin{aligned} \text{এবং সামান্দ্রিকের ক্ষেত্রফল} &= \text{ভূমি} \times \text{উচ্চতা বর্গ একক} \\ &= 12 \times 6.61 \\ &= 79.32 \text{ বর্গ সে.মি.। (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন ▶ ১৯ ৪ মিটার ও ১২ মিটার বাহুবিশিষ্ট একটি সামান্দ্রিকের ক্ষুদ্রতম কর্ণের দৈর্ঘ্য ১০ মিটার। [বরিশাল বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৮]

- ক. সংক্ষিপ্ত বিবরণসহ চিত্রটি আঁক। ২
খ. অপর কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
গ. সামান্দ্রিকটির ক্ষেত্রফল একটি বর্গের ক্ষেত্রফলের সমান হলে বর্গটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

১৯ নং প্রশ্নের সমাধান

ক পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.২ এর উদাহরণ-১২ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৩০৪

খ পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.২ এর উদাহরণ-১২ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৩০৪

গ 'খ' হতে পাই,

সামান্দ্রিকটির ভূমি $AB = 12$ মি.

এবং সামান্দ্রিকটির উচ্চতা $DF = 6.614$ মি.

$$\begin{aligned} \therefore \text{সামান্দ্রিকটির ক্ষেত্রফল} &= 12 \times 6.614 \text{ বর্গ মি.} \\ &= 79.368 \text{ বর্গ মি.} \end{aligned}$$

$$\therefore \text{বর্গটির ক্ষেত্রফল} = 79.368 \text{ বর্গ মি.}$$

ধরি, বর্গটির বাহুর দৈর্ঘ্য = a মি.

$$\therefore \text{বর্গটির ক্ষেত্রফল} = a^2 \text{ বর্গ মি.}$$

শর্তমতে,

$$a^2 = 79.368$$

$$\text{বা, } a = \sqrt{79.368} = 8.91$$

$$\therefore \text{বর্গটির বাহুর দৈর্ঘ্য } 8.91 \text{ মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ▶ ২০ একটি লোহার পাইপের ভেতরের ও বাইরের ব্যাস যথাক্রমে ১৪ সে.মি. ও ২০ সে.মি. এবং এর উচ্চতা ৫ মি. প্রতি ১ ঘন সে.মি. লোহার ওজন ৭.২গ্রাম। [বরিশাল বোর্ড-২০১৭ □ প্রশ্ন নং ৯]

- ক. ৫ সে. মি. ধারবিশিষ্ট ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল নির্ণয় করো। ২
খ. পাইপের ওজন নির্ণয় কর। ৪
গ. পাইপটিকে গলিয়ে ৬ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি নিরেট দণ্ডে পরিণত করা হলে দণ্ডটির উচ্চতা কত হবে? ৪

২০ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, ঘনকের ধারের দৈর্ঘ্য $a = 5$ সে.মি

$$\begin{aligned} \therefore \text{ঘনকের সম্পূর্ণ পৃষ্ঠের ক্ষেত্রফল} &= 6a^2 \text{ বর্গ একক} \\ &= 6 \times 5^2 \text{ বর্গ সে.মি.} \\ &= 150 \text{ বর্গ সে.মি. (Ans.)} \end{aligned}$$

খ দেওয়া আছে,

পাইপের ভেতরের ব্যাস = ১৪ সে.মি.

পাইপের বাইরের ব্যাস = ২০ সে.মি.

উচ্চতা $h = 5$ মি. = 5×100 সে.মি. = ৫০০ সে. মি.

আমরা জানি,

বেলনের আয়তন = $\pi r^2 h$ ঘন একক

$$\begin{aligned} \text{পাইপের বাইরের আয়তন} &= \pi \left(\frac{20}{2}\right)^2 \times 500 \text{ ঘন সে.মি.} \\ &= 3.1416 \times 100 \times 500 \text{ ঘন সে.মি.} \\ &= 157080 \text{ ঘন সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \text{এবং পাইপের ভেতরের আয়তন} &= \pi \left(\frac{14}{2}\right)^2 \times 500 \text{ ঘন সে.মি.} \\ &= 3.1416 \times 49 \times 500 \text{ ঘন সে.মি.} \\ &= 127234.8 \text{ ঘন সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{লোহার আয়তন} &= (157080 - 127234.8) \text{ ঘন সে.মি.} \\ &= 29845.2 \text{ ঘন সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{লোহার ওজন} &= (29845.2 \times 7.2) \text{ গ্রাম} \\ &= 214885.44 \text{ গ্রাম} \\ &= 214.885 \text{ কিলোগ্রাম (প্রায়) (Ans.)} \end{aligned}$$

গ নিরেট দণ্ডের আয়তন = পাইপের লোহার আয়তন = ২৯৮৪৫.২ ঘন সে.মি.

দণ্ডের ব্যাসার্ধ $a = 6$ সে.মি.

মনে করি, দণ্ডের উচ্চতা = h সে.মি.

$$\therefore \text{দণ্ডের আয়তন} = \pi a^2 h = 3.1416 \times 6^2 \times h$$

$$\text{প্রশ্নমতে, } 3.1416 \times 6^2 \times h = 29845.2$$

$$\text{বা, } h = \frac{29845.2}{3.1416 \times 6^2}$$

$$\therefore h = 263.889$$

$$\therefore \text{নিরেট দণ্ডটির উচ্চতা } 263.89 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ▶ ২১ একটি সমবাহু ত্রিভুজের প্রতি বাহুর দৈর্ঘ্য ২ মিটার বাড়ালে ক্ষেত্রফল $5\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়। [ঢাকা বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং ৮]

- ক. ত্রিভুজটির প্রতি বাহুর দৈর্ঘ্য x মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল x চলকের মাধ্যমে লেখ। ২
খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
গ. কোনো সমবৃত্তীয় ত্রিভুজের উচ্চতা ও ভূমির ব্যাসার্ধ যথাক্রমে ত্রিভুজটির উচ্চতা ও এক বাহুর দৈর্ঘ্যের সমান হলে, ত্রিভুজটির আয়তন নির্ণয় কর। ৪

২১ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, সমবাহু ত্রিভুজের প্রতি বাহুর দৈর্ঘ্য = x মিটার

$$\therefore \text{সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{\sqrt{3}}{4} x^2 \text{ বর্গ মিটার (Ans.)}$$

খ মনে করি, সমবাহু ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য x মিটার

$$\therefore \text{এর ক্ষেত্রফল} = \frac{\sqrt{3}}{4} x^2 \text{ বর্গ মিটার}$$

ত্রিভুজের প্রত্যেক বাহুর দৈর্ঘ্য ২ মিটার বাড়ালে ত্রিভুজটির ক্ষেত্রফল

$$= \frac{\sqrt{3}}{4} (x+2)^2 \text{ বর্গ মিটার}$$

$$\text{শর্তমতে, } \frac{\sqrt{3}}{4} (x+2)^2 - \frac{\sqrt{3}}{4} x^2 = 5\sqrt{3}$$

$$\text{বা, } \frac{\sqrt{3}}{4} \{(x+2)^2 - x^2\} = 5\sqrt{3}$$

$$\text{বা, } (x+2)^2 - x^2 = 20$$

$$\text{বা, } x^2 + 4x + 4 - x^2 = 20$$



বা, $4x = 20 - 4$

বা, $4x = 16$

বা, $x = \frac{16}{4}$

∴ $x = 4$ মিটার

∴ ত্রিভুজটির ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4} \times 4^2$ বর্গ মিটার
 = $4\sqrt{3}$ বর্গ মিটার
 = 6.9282 বর্গ মিটার (প্রায়) (Ans.)

গ 'খ' থেকে পাই,

সমবাহু ত্রিভুজের একবাহু $x = 4$ মিটার

সমবাহু ত্রিভুজের উচ্চতা = $\frac{\sqrt{3}}{2} x$ একক = $\frac{\sqrt{3}}{2} \times 4$ মিটার
 = $2\sqrt{3}$ মিটার

∴ সিলিন্ডারের উচ্চতা $h = 2\sqrt{3}$ মিটার

এবং "ভূমির ব্যাসার্ধ" $r = 4$ মিটার

∴ সিলিন্ডারের আয়তন = $\pi r^2 h$ ঘন একক
 = $3.1416 \times 4^2 \times 2\sqrt{3}$ ঘন মিটার
 = $3.1416 \times 16 \times 2\sqrt{3}$ ঘন মিটার
 = 174.1251 ঘনমিটার (প্রায়) (Ans.)


প্রশ্ন ২২ একটি বৃত্তস্থ আয়তক্ষেত্রের দৈর্ঘ্য এবং প্রস্থ যথাক্রমে 12 মি. এবং 5 মি.। আয়তক্ষেত্র বাদে বৃত্তের মধ্যে অবশিষ্ট খালি জায়গায় ঘাস লাগানো আছে।

[রাজশাহী বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং c]

- ক. প্রদত্ত তথ্যের আলোকে চিত্র অংকন কর। ২
 খ. বৃত্তাকার ক্ষেত্রের পরিধি নির্ণয় কর। ৪
 গ. প্রতি বর্গমিটারে ঘাস লাগাতে 50 টাকা হিসাবে মোট কত টাকা খরচ হবে? ৪

২২ নং প্রশ্নের সমাধান

ক



মনে করি, ABCD একটি আয়তাকার ক্ষেত্র। যার দৈর্ঘ্য $AD = BC = 12$ মিটার, প্রস্থ $AB = CD = 5$ মিটার এবং কর্ণ $AC = BD$ ।
 AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করেছে। ABCD আয়তাকার ক্ষেত্রটিকে পরিবেষ্টিত করে O কেন্দ্র বিশিষ্ট একটি বৃত্তাকার ক্ষেত্র আছে।
 গাঢ় চিহ্নিত অংশটুকুতে ঘাস লাগানো হয়েছে।

- খ** 'ক' থেকে পাই, ABCD আয়তাকার ক্ষেত্রটির কর্ণ $AC = BD$
 ∴ ABCD আয়তাকার ক্ষেত্রটির কর্ণ AC বা BD হবে বৃত্তাকার ক্ষেত্রটির ব্যাস।
 অতএব, ABC সমকোণী ত্রিভুজ থেকে পাই,
 $AC^2 = AB^2 + BC^2$
 = $(5)^2 + (12)^2$ [□ AB = 5 মি.; BC = 12 মি.]

= $25 + 144 = 169$

∴ $AC = \sqrt{169} = 13$

∴ বৃত্তাকার ক্ষেত্রটির ব্যাস, $AC = 13$ মিটার
 সুতরাং, বৃত্তাকার ক্ষেত্রের ব্যাসার্ধ,

$r = \frac{13}{2}$ মি. = 6.5 মি.

∴ বৃত্তাকার ক্ষেত্রের পরিধি = $2\pi r$ একক
 = $2 \times 3.1416 \times 6.5$ মি.
 = 40.84 মি. (Ans.)

গ বৃত্তাকার ক্ষেত্রটির ক্ষেত্রফল = πr^2 বর্গ একক
 = $3.1416 \times (6.5)^2$ বর্গ মিটার [খ হতে]
 = 132.7326 বর্গ মিটার (প্রায়)

দেওয়া আছে, আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য = 12 মিটার
 এবং প্রস্থ = 5 মিটার

- ∴ আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফল = (12×5) বর্গ মিটার = 60 বর্গ মিটার
 ∴ বৃত্তাকার ক্ষেত্রটির আয়তাকার ক্ষেত্র দ্বারা অনধিকৃত অংশের ক্ষেত্রফল
 = $(132.7326 - 60)$ বর্গ মিটার
 = 72.7326 বর্গ মিটার
 প্রতি বর্গ মিটারে ঘাস লাগাতে খরচ হয় 50 টাকা।
 ∴ 72.7326 বর্গ মিটার ঘাস লাগাতে খরচ হয়
 (72.7326×50) টাকা = 3636.63 টাকা (প্রায়) (Ans.)


প্রশ্ন ২৩ একটি আয়তাকার বাগানের ক্ষেত্রফল 2000 বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য 10 মিটার কম হয়, তবে বাগানটি বর্গাকার হয়।

[দিনাজপুর বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং c]

- ক. আয়তাকার বাগানের দৈর্ঘ্য ও প্রস্থকে যথাক্রমে x মিটার ও y মিটার ধরে প্রয়োজনীয় সমীকরণ গঠন কর। ২
 খ. বাগানের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর। ৪
 গ. যদি আয়তাকার বাগানের পরিসীমা কোনো রম্বসের পরিসীমার সমান হয় এবং রম্বসের ক্ষুদ্রতর কর্ণটি 54 মিটার হয়, তবে রম্বসের অপর কর্ণ এবং ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

২৩ নং প্রশ্নের সমাধান

- ক** মনে করি, আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য x মিটার
 এবং আয়তক্ষেত্রটির প্রস্থ y মিটার
 ∴ আয়তক্ষেত্রটির ক্ষেত্রফল = xy বর্গমিটার
 প্রশ্নানুসারে, $xy = 2000$ এবং $x - 10 = y$
খ পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.২ এর উদাহরণ-৯ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৩০৩
গ 'খ' থেকে পাই,
 আয়তাকার বাগানের দৈর্ঘ্য 50 মিটার এবং প্রস্থ 40 মিটার
 আয়তাকার বাগানের পরিসীমা = $2(50 + 40)$ মিটার
 = 2×90 মিটার = 180 মিটার
 ∴ রম্বসের পরিসীমা = বাগানের পরিসীমা = 180 মিটার



মনে করি ABCD একটি রম্বস, যার দুইটি কর্ণ AC এবং BD পরস্পর O বিন্দুতে ছেদ করে।

এবং একটি কর্ণ BD = 54 মিটার

$$\text{রম্বসের বাহু AB} = \frac{\text{পরিসীমা}}{8} = \frac{180}{4} \text{ মিটার} = 45 \text{ মিটার}$$

আমরা জানি, রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

$$\therefore OB = \frac{1}{2} BD = \frac{1}{2} \times 54 \text{ মিটার} = 27 \text{ মিটার}$$

AOB সমকোণী ত্রিভুজ থেকে আমরা পাই

$$AB^2 = OA^2 + OB^2$$

$$\text{বা, } (45)^2 = OA^2 + (27)^2$$

$$\text{বা, } OA^2 = (45)^2 - (27)^2$$

$$\text{বা, } OA^2 = 2025 - 729$$

$$\text{বা, } OA^2 = 1296$$

$$\therefore OA = 36 \text{ মিটার}$$

$$\therefore \text{রম্বসের অপর কর্ণ AC} = 2.OA \quad [\square O, AC \text{ এর মধ্যবিন্দু}] \\ = 2 \times 36 \text{ মিটার} = 72 \text{ মিটার (Ans.)}$$

এবং রম্বসের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times BD \times AC$ বর্গ একক

$$[\text{রম্বসের ক্ষেত্রফল}] = \frac{1}{2} \times \text{রম্বসের কর্ণদ্বয়ের গুণফল}]$$

$$= \frac{1}{2} \times 54 \times 72 \text{ বর্গমিটার}$$

$$= 1944 \text{ বর্গমিটার}$$

রম্বসের অপর কর্ণ 72 মিটার এবং ক্ষেত্রফল 1944 বর্গমিটার। (Ans.)

প্রশ্ন ২৪ একটি বৃত্তাকার বাগানের ব্যাস 300 মি.। বাগানের সীমানা ঘেঁষে বাইরের দিকে 5 মি. চওড়া একটি রাস্তা আছে। প্রতি বর্গ. মি. রাস্তা বাঁধাই করতে খরচ হয় 100 টাকা এবং প্রতি মি. বেড়া দিতে খরচ হয় 7.50 টাকা।


[কুমিল্লা বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং ৮]

ক. প্রদত্ত তথ্যের আনুপাতিক চিত্র আঁক এবং বাগানের ব্যাসার্ধ নির্ণয় কর। ২

খ. বাগানের ক্ষেত্রফল নির্ণয় কর এবং রাস্তার ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. রাস্তাটি বাঁধাই করতে কত খরচ লাগবে? রাস্তার ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট বর্গাকার মাঠের চারপাশে বেড়া দিতে কত খরচ লাগবে? ৪

২৪ নং প্রশ্নের সমাধান



ক

এখানে, বাগানের ব্যাস = 300 মি.

$$\therefore \text{বাগানের ব্যাসার্ধ, } r = \frac{300}{2} \text{ মি.} = 150 \text{ মি. (Ans.)}$$

খ 'ক' থেকে পাই,

বৃত্তাকার বাগানের ব্যাসার্ধ, $r = 150$ মি.

$$\therefore \text{ " " ক্ষেত্রফল} = \pi r^2 \text{ বর্গ একক}$$

$$= 3.1416 \times (150)^2 \text{ বর্গ মি.}$$

$$= 3.1416 \times 22500 \text{ "}$$

$$= 70686 \text{ বর্গ মি. (Ans.)}$$

এখানে, বৃত্তাকার বাগানের বাইরে একটি রাস্তা আছে যার চওড়া = 5 মিটার।

$$\therefore \text{রাস্তাসহ বৃত্তাকার বাগানের ব্যাসার্ধ, } R = (150 + 5) \text{ মি.} = 155 \text{ মি.}$$

$$\therefore \text{ " " " ক্ষেত্রফল} = \pi R^2 \text{ বর্গ মি.}$$

$$= 3.1416 \times (155)^2 \text{ বর্গ মি.}$$

$$= 3.1416 \times 24025 \text{ বর্গ মি.}$$

$$= 75476.94 \text{ বর্গ মি.}$$

সুতরাং রাস্তার ক্ষেত্রফল

$$= \text{রাস্তাসহ বাগানের ক্ষেত্রফল} - \text{বাগানের ক্ষেত্রফল}$$

$$= (75476.94 - 70686) \text{ বর্গ মি.}$$

$$= 4790.94 \text{ বর্গ মি. (Ans.)}$$

গ 'খ' থেকে পাই,

$$\text{রাস্তার ক্ষেত্রফল} = 4790.94 \text{ বর্গমিটার}$$

এখানে,

প্রতি বর্গ মি. রাস্তা বাধাই করতে খরচ হয় 100 টাকা

$$\therefore 4790.94 \text{ " " " " " " (4790.94} \times 100) \text{ টাকা} \\ = 479094 \text{ টাকা (Ans.)}$$

প্রশ্নানুসারে,

$$\text{বর্গাকার মাঠের ক্ষেত্রফল} = \text{রাস্তার ক্ষেত্রফল} = 4790.94 \text{ বর্গ মি.}$$

$$\therefore \text{ " " বাহুর দৈর্ঘ্য} = \sqrt{4790.94} \text{ মি.} = 69.22 \text{ মি.}$$

$$\text{ " " পরিসীমা} = (4 \times 69.22) \text{ মি.} = 276.88 \text{ মিটার}$$

এখানে,

প্রতি মিটার বেড়া দিতে খরচ হয় 7.50 টাকা

$$\therefore 276.88 \text{ " " " " " " (276.88} \times 7.50) \text{ টাকা} \\ = 2076.6 \text{ টাকা (Ans.)}$$

প্রশ্ন ২৫ একটি সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 1 মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়। [চট্টগ্রাম বোর্ড-২০১৬ □ প্রশ্ন নং ৮]


ক. ত্রিভুজটি অঙ্কন কর এবং এর ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রটি লিখ। ২

খ. ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

গ. ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য কত মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $7\sqrt{3}$ বর্গমিটার বৃদ্ধি পাবে? ৪

২৫ নং প্রশ্নের সমাধান

ক ধরি, সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য a মিটার।



∴ সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4} a^2$ বর্গ মিটার।

খ মনেকরি, সমবাহু ত্রিভুজটির প্রত্যেক বাহুর দৈর্ঘ্য = a মি.

- ক. সিলিন্ডারের ভূমির ব্যাসার্ধ নির্ণয় কর। ২
 খ. সিলিন্ডারের আয়তন ও বক্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
 গ. কাগজের টুকরাটিকে বৃহত্তর বাহুর চারিদিকে ঘোরানো হলো, উৎপন্ন ঘনবস্তুর আয়তন ও সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১১৫ নং প্রশ্নের সমাধান

ক কাগজের পৃষ্ঠতলের ক্ষেত্রফল = সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল

বা, দৈর্ঘ্য \times প্রস্থ = $2\pi \times$ ব্যাসার্ধ \times উচ্চতা

$$\text{বা, } 30 \times 18 = 2\pi \times r \times 18$$

$$\text{বা, } r = \frac{30}{2\pi} = 4.77 \text{ সে.মি. (প্রায়)}$$

$$\therefore r = 4.77 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

খ আমরা জানি, সিলিন্ডারের আয়তন,

$$= \pi \times \text{ব্যাসার্ধ}^2 \times \text{উচ্চতা}$$

$$= \pi \times (4.77)^2 \times 18$$

$$= 1286.649 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

$$\approx 1287 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$

সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল

$$= 2\pi \times \text{ব্যাসার্ধ} \times \text{উচ্চতা}$$

$$= 2\pi \times 4.77 \times 18$$

$$= 539.48 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

গ কাগজের টুকরাটিকে বৃহত্তর বাহুর চারিদিকে ঘোরানো হলো সিলিন্ডার উৎপন্ন হয় যার উচ্চতা = কাগজের দৈর্ঘ্য = 30 সে.মি. ও ব্যাসার্ধ = কাগজের প্রস্থ = 18 সে.মি.।

$$\therefore \text{সুতরাং উৎপন্ন ঘনবস্তুর আয়তন} = \pi \times \text{ব্যাসার্ধ}^2 \times \text{উচ্চতা}$$

$$= 3.1416 \times 18^2 \times 30$$

$$= 30536.352 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

$$\text{সমগ্রতলের ক্ষেত্রফল} = 2\pi \times \text{ব্যাসার্ধ} (\text{ব্যাসার্ধ} + \text{উচ্চতা})$$

$$= 2\pi r (r + h)$$

$$= 2\pi \times 18 \times (18 + 30)$$

$$= 2 \times 3.1416 \times 18 \times 48$$

$$= 5428.68 \text{ ব. সে.মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ১১৬ একটি আয়তাকার ঘনবস্তুর 48 বর্গ মিটার ভূমির উপর দাঁড়ায়মান। এর উচ্চতা 3 মিটার এবং কর্ণ 13 মিটার।

[সাতার ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, ঢাকা □ প্রশ্ন নং ৯]

- ক. একটি ঘনকের পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য $6\sqrt{2}$ সে.মি. হলে ঘনকের ধার ও কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. ঘনবস্তুর দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর। ৪
 গ. আয়তাকার ঘনবস্তুর কর্ণের সমান বাহুবিশিষ্ট কোনো সুষম ষড়ভুজ কোনো বৃত্তে অঙ্কিত হলে বৃত্তটির অনধিকৃত অংশের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১১৬ নং প্রশ্নের সমাধান

ক মনে করি, ঘনকের ধার a সে.মি.

$$\therefore \text{ঘনকটির পৃষ্ঠতলের কর্ণের দৈর্ঘ্য} = a\sqrt{2} \text{ সে.মি.}$$

$$\text{এবং ঘনকটির কর্ণের দৈর্ঘ্য} = a\sqrt{3} \text{ সে.মি.}$$

$$\text{শর্তানুসারে, } a\sqrt{2} = 6\sqrt{2}$$

$$\therefore a = 6$$

$$\text{সুতরাং, ঘনকের ধার, } a = 6 \text{ সে.মি. (Ans.)}$$

$$\text{আবার, কর্ণের দৈর্ঘ্য} = a\sqrt{3}$$

$$= 6\sqrt{3} \text{ সে.মি. (Ans.)}$$

খ দেওয়া আছে, দৈর্ঘ্য = x মিটার

$$\text{প্রস্থ} = y \text{ মিটার}$$

$$\text{এবং উচ্চতা} = 3 \text{ মিটার}$$

$$\therefore \text{ভূমির ক্ষেত্রফল} = xy \text{ বর্গমিটার}$$

$$\text{কর্ণ} = \sqrt{x^2 + y^2 + 3^2} \text{ মিটার}$$

$$\therefore \text{শর্তানুসারে সমীকরণদ্বয়, } \sqrt{x^2 + y^2 + 3^2} = 13$$

$$\text{বা, } x^2 + y^2 = 169 - 9$$

$$\therefore x^2 + y^2 = 160 \dots \dots \dots (i)$$

$$\text{এবং } xy = 48 \dots \dots \dots (ii)$$

$$(i) + 2 \times (ii) \Rightarrow (x + y)^2 = 256$$

$$x + y = 16 \dots \dots \dots (iii)$$

$$\text{আবার, } (i) - 2 \times (ii) \Rightarrow (x - y)^2 = 64$$


$$\text{বা, } x - y = 8 \dots \dots \dots (iv)$$

$$(iii) + (iv) \Rightarrow 2x = 24$$



- ∴ $x = 12$
 (iii) – (iv) $\Rightarrow 2y = 8$
 ∴ $y = 4$
 ∴ দৈর্ঘ্য 12 মিটার এবং প্রস্থ 4 মিটার। (Ans.)

গ



মনে করি, ABCDEF একটি সুসম ষড়ভুজ।

$$\therefore \angle AOB = \frac{360^\circ}{6} = 60^\circ$$

আবার, ষড়ভুজটি সুসম হওয়ায় কেন্দ্র থেকে প্রতিটি শীর্ষের দূরত্ব সমান, অর্থাৎ $OA = OB$

$$\text{সুতরাং } \angle OAB = \angle OBA = \frac{180 - 60}{2} = 60^\circ$$

∴ $\triangle OAB$ একটি সমবাহু ত্রিভুজ।

∴ ষড়ভুজটির ক্ষেত্রফল = $6 \times \triangle AOB$ এর ক্ষেত্রফল।

$$\begin{aligned} &= 6 \times \frac{\sqrt{3}}{4} \times 13^2 \\ &= 439.08 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

আবার, ষড়ভুজটি বৃত্তে অন্তর্লিখিত হওয়ায়, বৃত্তটির ব্যাসার্ধ কেন্দ্র থেকে কৌণিক দূরত্বের সমান।

$$\begin{aligned} \text{অর্থাৎ বৃত্তটির ক্ষেত্রফল} &= \pi \times OA^2 \\ &= \pi \times 13^2 \\ &= 169\pi \text{ বর্গ সে.মি.} \\ &= 530.93 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{অনধিকৃত অংশের ক্ষেত্রফল} &= 530.93 - 439.08 \\ &= 91.85 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

প্রশ্ন ১১৭ একটি সমবাহু ত্রিভুজের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 1 মিটার করে বাড়ালে এর ক্ষেত্রফল $\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়।

[আই.ই.টি সরকারি উচ্চ বিদ্যালয়, নারায়ণগঞ্জ □ প্রশ্ন নং ৯]

- ক. প্রদত্ত তথ্যের আনুপাতিক চিত্র আঁক এবং সমবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয়ের সূত্রটি লিখ। ২
 খ. ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
 গ. ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্য কত মিটার বাড়ালে এর ক্ষেত্রফল $7\sqrt{3}$ বর্গ মিটার বৃদ্ধি পাবে? ৪

১১৭ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ২৫ নং সমাধান দ্রষ্টব্য।


প্রশ্ন ১১৮ একটি ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য যথাক্রমে ৪ সে.মি. ৬ সে.মি. ও ৪ সে.মি.। ত্রিভুজটির বৃহত্তম বাহুর বিপরীত শীর্ষবিন্দু থেকে অঙ্কিত লম্ব ত্রিভুজটিকে দুইটি ত্রিভুজ ক্ষেত্রে বিভক্ত করে।

[ফরিদপুর পুলিশ লাইনস্ হাই স্কুল, ফরিদপুর □ প্রশ্ন নং ৯]

- ক. উপরের তথ্যের ভিত্তিতে সংক্ষিপ্ত বর্ণনাসহ চিত্র আঁক। ২
 খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
 গ. বিভক্তকৃত ত্রিভুজদ্বয়ের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় কর। ৪

১১৮ নং প্রশ্নের সমাধান

ক



$\triangle ABC$ এ

$$AB = 6 \text{ সে.মি.}$$

$$BC = 8 \text{ সে.মি.}$$

$$AC = 4 \text{ সে.মি.}$$

বৃহত্তম বাহু BC এর বিপরীত শীর্ষবিন্দু A হতে BC এর উপর অঙ্কিত লম্ব AD ত্রিভুজটিকে $\triangle ADB$ ও $\triangle ADC$ এ বিভক্ত করেছে।

খ

$$\begin{aligned} \triangle ABC \text{ এর অর্ধপরিসীমা} &= \frac{6 + 4 + 8}{2} \\ &= \frac{18}{2} \\ &= 9 \text{ সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \triangle ABC \text{ এর ক্ষেত্রফল} &= \sqrt{9(9-8)(9-6)(9-4)} \\ &= \sqrt{9 \times 1 \times 3 \times 5} \\ &= \sqrt{135} \\ &= 11.62 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

গ

‘খ’ হতে, $\triangle ABC$ এর ক্ষেত্রফল = 11.62 বর্গ সে.মি.

$$\therefore \frac{1}{2} \times BC \times AD = 11.62$$

$$\text{বা, } 8 AD = 23.24$$

$$\therefore AD = \frac{23.24}{8} = 2.905 \text{ সে.মি.}$$

$$\triangle ABD \text{ এ } AD \perp BD$$

$$\therefore \triangle ABD \text{ সমকোণী।}$$

পীথাগোরাসের উপপাদ্য অনুসারে,

$$AB^2 = AD^2 + BD^2$$

$$\text{বা, } 6^2 = (2.905)^2 + BD^2$$

$$\text{বা, } BD^2 = 36 - 8.439$$

$$\therefore BD = \sqrt{27.561} = 5.25 \text{ সে.মি.}$$

$$\begin{aligned} \therefore CD = BC - BD &= 8 - 5.25 \\ &= 2.75 \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \triangle ABD : \triangle ADC &= \frac{1}{2} \times BD \times AD : \frac{1}{2} \times CD \times AD \\ &= BD : CD \\ &= 5.25 : 2.75 \\ &= 21 : 11 \text{ (Ans.)} \end{aligned}$$



প্রশ্ন ১১৯ একটি আয়তাকার বাগানের দৈর্ঘ্য 30 মিটার এবং প্রস্থ 20 মিটার। বাগানের ভিতর দিয়ে সমান পাড়বিশিষ্ট পুকুর আছে। পুকুরের ক্ষেত্রফল বাগানের ক্ষেত্রফলের এক তৃতীয়াংশ।


[শেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরপুর □ প্রশ্ন নং ৯]

- ক. বাগানের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. পুকুরের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর। ৪
 গ. একটি সুষম ষড়ভুজের পরিসীমা বাগানটির পরিসীমার সমান হলে ষড়ভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১১৯ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,
 আয়তাকার বাগানের দৈর্ঘ্য = 30 মিটার
 এবং প্রস্থ = 20 মিটার
 \therefore বাগানের কর্ণের দৈর্ঘ্য = $\sqrt{30^2 + 20^2}$ মিটার
 $= \sqrt{900 + 400}$ মিটার
 $= \sqrt{1300}$ মিটার
 $= 36.056$ মিটার (Ans.)

খ এখন, আয়তাকার বাগানের ক্ষেত্রফল = দৈর্ঘ্য \times প্রস্থ
 $= (30 \times 20)$ বর্গমিটার
 $= 600$ বর্গমিটার
 ধরি, পুকুরটির দৈর্ঘ্য a প্রস্থ b এবং সমান পাড়ের প্রস্থ x.



চিত্র থেকে পাই, $a = 30 - 2x$
 এবং $b = 20 - 2x$
 শর্তমতে, $ab = \frac{1}{3} \times 600$
 বা, $(30 - 2x)(20 - 2x) = 200$
 বা, $600 - 60x - 40x + 4x^2 = 200$
 বা, $4x^2 - 100x + 400 = 0$
 বা, $x^2 - 25x + 100 = 0$
 বা, $x^2 - 20x - 5x + 100 = 0$
 বা, $x(x - 20) - 5(x - 20) = 0$
 বা, $(x - 20)(x - 5) = 0$
 $\therefore x = 20, 5$
 কিন্তু পুকুর পাড়ের প্রস্থ বাগানের প্রস্থের সমান হতে পারে না।
 অর্থাৎ $x \neq 20$
 $\therefore x = 5$

\therefore পুকুরের দৈর্ঘ্য, $a = 30 - 2 \times 5$ মি.
 $= 30 - 10$ মি.
 $= 20$ মি. (Ans.)
 এবং প্রস্থ, $b = 20 - 2 \times 5$ মি.
 $= 20 - 10$ মি.
 $= 10$ মি. (Ans.)

গ এখন, বাগানটির পরিসীমা = 2 (দৈর্ঘ্য + প্রস্থ)
 $= 2(30 + 20)$ মিটার
 $= 2 \times 50$ মিটার
 $= 100$ মিটার
 $=$ সুষম ষড়ভুজের পরিসীমা।

\therefore সুষম ষড়ভুজের একটি বাহুর দৈর্ঘ্য, $a = \frac{100}{6}$ মি. $= \frac{50}{3}$ মিটার
 আমরা জানি,

সুষম বহুভুজের ক্ষেত্রফল = $\frac{na^2}{4} \cot \frac{180^\circ}{n}$
 \therefore সুষম ষড়ভুজের ক্ষেত্রফল = $\frac{6 \times \left(\frac{50}{3}\right)^2}{4} \cot \frac{180^\circ}{6}$
 $= \frac{6 \times 50^2}{9 \times 4} \cot 30^\circ$
 $= \frac{1250}{3} \times \sqrt{3}$
 $= 721.688$ বর্গমিটার (প্রায়) (Ans.)

প্রশ্ন ১২০ একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। আয়তক্ষেত্রটির দৈর্ঘ্য প্রস্থের তিনগুণ এবং ক্ষেত্রফল 867 বর্গমিটার। প্রতিটি 40 সে.মি. বর্গাকার পাথর দিয়ে বর্গক্ষেত্রটি বাঁধাই করা হয়। আবার একটি ট্র্যাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 91 সে.মি. ও 51 সে.মি.। [রাজশাহী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, রাজশাহী □ প্রশ্ন নং ৯]

- ক. 25 সে.মি. ব্যাস বিশিষ্ট বৃত্তের ক্ষেত্রফল নির্ণয় কর। ২
 খ. বর্গক্ষেত্রটি বাঁধাতে মোট কতটি পাথর লাগবে? ৪
 গ. ট্র্যাপিজিয়ামের অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্য 37 সে.মি. ও 13 সে.মি. হলে ট্র্যাপিজিয়ামটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১২০ নং প্রশ্নের সমাধান

ক সূজনশীল ৭(ক)নং সমাধান দ্রষ্টব্য।
খ দেওয়া আছে, আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = 867 বর্গমিটার
 এবং বর্গাকার পাথরের এক বাহু = 40 সে.মি. $= \frac{40}{100}$ মি. $= 0.4$ মি.
 মনে করি, আয়তক্ষেত্রের প্রস্থ = x মি.
 তাহলে আয়তক্ষেত্রের দৈর্ঘ্য = 3x মি.
 \therefore আয়তক্ষেত্রের ক্ষেত্রফল = $3x \times x = 3x^2$ বর্গমিটার
 প্রশ্নমতে, $3x^2 = 867$
 বা, $x^2 = 289$
 $\therefore x = 17$ মি.
 \therefore আয়তক্ষেত্রের পরিসীমা = $2(3x + x)$ মিটার
 $= 2 \times 4x$ মিটার



$$= 2 \times 4 \times 17 \text{ মিটার}$$

$$= 136 \text{ মিটার}$$

প্রশ্নমতে, বর্গক্ষেত্রের পরিসীমা = আয়তক্ষেত্রের পরিসীমা

$$\therefore \text{ বর্গক্ষেত্রের পরিসীমা} = 136 \text{ মিটার}$$

$$\therefore \text{ বর্গক্ষেত্রের এক বাহুর দৈর্ঘ্য} = \frac{\text{পরিসীমা}}{8} = \frac{136}{4} = 34 \text{ মিটার}$$

$$\therefore \text{ বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} = (34)^2 \text{ বর্গমিটার}$$

$$= 1156 \text{ বর্গমিটার}$$

$$\text{বর্গাকার একটি পাথরের ক্ষেত্রফল} = (0.4)^2 \text{ বর্গমিটার}$$

$$= 0.16 \text{ বর্গমিটার}$$

\therefore বর্গক্ষেত্রটি বাঁধাতে পাথর লাগবে

$$\frac{\text{বর্গের ক্ষেত্রফল}}{\text{পাথরের ক্ষেত্রফল}}$$

$$= \frac{1156}{0.16} \text{ টি}$$

$$= 7225 \text{ টি (Ans.)}$$

গ পাঠ্যবইয়ের অনুশীলনী-১৬.২ এর উদাহরণ-১৪ দ্রষ্টব্য। পৃষ্ঠা-৩০৬

প্রশ্ন ১২১ একটি সমবাহু ত্রিভুজের প্রত্যেকটি বাহুর দৈর্ঘ্য ২ মিটার বাড়ালে ক্ষেত্রফল $5\sqrt{3}$ বর্গমিটার বেড়ে যায়।

[এস. ও. এস. হারম্যান মেইনার কলেজ, বগুড়া □ প্রশ্ন নং ৯]

- ক. ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্যকে x মিটার ধরে সমীকরণ গঠন কর। ২
- খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
- গ. ত্রিভুজটির উচ্চতা নির্ণয় কর এবং ত্রিভুজটির উচ্চতাকে সিলিভারের উচ্চতা ও ত্রিভুজটির বাহুর দৈর্ঘ্যকে ভূমির ব্যাসার্ধ ধরে সিলিভারের আয়তন নির্ণয় কর। ৪

১২১ নং প্রশ্নের সমাধান

সৃজনশীল ২১নং সমাধান দ্রষ্টব্য।

প্রশ্ন ১২২ ৩২ সে.মি. ব্যাস বিশিষ্ট একটি বৃত্তের পরিধি ও একটি বর্গক্ষেত্রের পরিসীমা সমান।

[পাঁচবিবি এন এম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, জয়পুরহাট □ প্রশ্ন নং ৯]

- ক. বৃত্তটির পরিধি এবং ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. বর্গক্ষেত্রটির কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
- গ. বর্গক্ষেত্রটির পরিবৃত্ত ও অর্ধবৃত্তের পরিধির অর্ধের নির্ণয় কর। ৪

১২২ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$$\text{বৃত্তটির ব্যাস, } 2r = 32 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ ব্যাসার্ধ, } r = \frac{32}{2} = 16 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ বৃত্তটির পরিধি} = 2\pi r = 2\pi \times 16$$

$$= 32\pi \text{ সে.মি.}$$

$$= 100.53 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

$$\text{এবং ক্ষেত্রফল} = \pi r^2 = \pi \times 16^2 = 256\pi$$

$$= 804.25 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

খ 'ক' থেকে পাই, বৃত্তের পরিধি = 32π সে.মি.

= বর্গক্ষেত্রের পরিসীমা

$$\therefore \text{ বর্গক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য, } a = \frac{32\pi}{4} \text{ সে.মি.}$$

$$= 8\pi \text{ সে.মি.}$$

আমরা জানি,

$$\text{বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য, } x = a\sqrt{2}$$

$$= 8\pi\sqrt{2} \text{ [মান বসিয়ে]}$$

$$= 8 \times 3.1416 \times \sqrt{2}$$

$$= 35.543 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

গ এখন, বর্গক্ষেত্রটির পরিবৃত্তের ব্যাস হবে বর্গক্ষেত্রটির কর্ণের দৈর্ঘ্যের সমান।

$$\text{পরিবৃত্তের ব্যাসার্ধ, } r = \frac{35.543}{2} = 17.77$$

$$\therefore \text{ পরিবৃত্তের পরিধি} = 2\pi \times r$$

$$= 2 \times 3.1416 \times 17.77$$

$$= 111.652 \text{ সে.মি.}$$

আবার,

বর্গক্ষেত্রটির অর্ধবৃত্তের ব্যাস হবে বর্গক্ষেত্রটির যেকোন বাহুর দৈর্ঘ্যের সমান।

$$\text{অর্ধবৃত্তের ব্যাসার্ধ, } r = \frac{8\pi}{2} = 4\pi = 12.5664$$

$$\therefore \text{ অর্ধবৃত্তের পরিধি} = 2\pi r$$

$$= 2 \times 3.1416 \times 12.5664$$

$$= 78.957 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ বর্গক্ষেত্রটির পরিবৃত্ত ও অর্ধবৃত্তের পরিধির}$$

$$\text{অর্ধের} = 111.652 - 78.957$$

$$= 32.695 \text{ সে.মি. (Ans.)}$$

প্রশ্ন ১২৩ একটি সমকোণী ত্রিভুজের ভূমি লম্বের $\frac{11}{12}$ অংশ থেকে ৬ cm কম এবং অতিভুজ লম্বের $\frac{4}{3}$ অংশ থেকে ৩cm কম। আবার একটি সামান্ড রিকের সন্নিহিত বাহুদ্বয়ের দৈর্ঘ্য উক্ত ত্রিভুজের ভূমি ও লম্বের সমান।

[সালেহা ইসহাক সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, সিরাজগঞ্জ □ প্রশ্ন নং ৮]

- ক. সমবাহু ত্রিভুজের পরিসীমা ১২cm হলে এর ক্ষেত্রফল কত? ২
- খ. সমকোণী ত্রিভুজের ভূমির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
- গ. সামান্ডরিকের একটি কর্ণ ১৬cm অপর কর্ণ কত? ৪

১২৩ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,

$$\text{সমবাহু ত্রিভুজের পরিসীমা} = 12 \text{ cm}$$

$$\therefore \text{ প্রতি বাহুর দৈর্ঘ্য, } a = \frac{12}{3} \text{ cm}$$

$$= 4 \text{ cm}$$

$$\therefore \text{ সমবাহু ত্রিভুজটির ক্ষেত্রফল} = \frac{\sqrt{3}}{4} a^2$$

$$= \frac{\sqrt{3}}{4} \times 4^2$$

$$= 4\sqrt{3} \text{ বর্গ সে.মি. (Ans.)}$$


খ মনেকরি,

সমকোণী ত্রিভুজের লম্বের দৈর্ঘ্য, $AB = x$ সে. মি.

তাহলে, ত্রিভুজটির ভূমির দৈর্ঘ্য, $AC = \left(\frac{11x}{12} - 6\right)$ সে. মি.

এবং অতিভুজের দৈর্ঘ্য, $BC = \left(\frac{4x}{3} - 3\right)$ সে. মি.

$$\begin{aligned} \therefore \text{ত্রিভুজটির ক্ষেত্রফল} &= \frac{1}{2} \times \text{লম্ব} \times \text{ভূমি} \\ &= \frac{1}{2} \times \left(\frac{11x}{12} - 6\right) \times x \end{aligned}$$



মনে করি, $\triangle ABC$ এর $\angle A =$ সমকোণ।

এখন $\triangle ABC$ -এ পিথাগোরাসের সূত্র প্রয়োগ করে পাই,

$$BC^2 = AB^2 + AC^2$$

$$\left(\frac{4x}{3} - 3\right)^2 = x^2 + \left(\frac{11x}{12} - 6\right)^2$$

$$\text{বা, } \frac{(4x-9)^2}{9} = x^2 + \frac{(11x-72)^2}{144}$$

$$\text{বা, } 16(4x-9)^2 = 144x^2 + (11x-72)^2$$

[উভয়পক্ষকে 144 দ্বারা গুণ করে]

$$\text{বা, } 16(16x^2 - 72x + 81) = 144x^2 + 121x^2 - 1584x + 5184$$

$$\text{বা, } 256x^2 - 1152x + 1296 = 265x^2 - 1584x + 5184$$

$$\text{বা, } -9x^2 + 432x - 3888 = 0$$

$$\text{বা, } x^2 - 48x + 432 = 0 \quad [\text{উভয়পক্ষে } (-9) \text{ দ্বারা ভাগ করে}]$$

$$\text{বা, } x^2 - 12x - 36x + 432 = 0$$

$$\text{বা, } x(x-12) - 36(x-12) = 0$$

$$\text{বা, } (x-12)(x-36) = 0$$

$$\therefore x-12=0 \quad \text{অথবা, } x-36=0$$

$$\text{বা, } x=12 \quad \text{বা, } x=36$$

$$\therefore \text{লম্বের দৈর্ঘ্য } 12 \text{ সে.মি. অথবা } 36 \text{ সে.মি.}$$

$$\therefore \text{ভূমির দৈর্ঘ্য} = \left(\frac{11}{12} \times 12 - 6\right) \text{ সে.মি.}$$

$$= (11 - 6) \text{ সে.মি.}$$

$$= 5 \text{ সে.মি.}, \text{ যখন লম্ব} = 12 \text{ সে.মি. (Ans.)}$$

$$\text{অথবা, ভূমির দৈর্ঘ্য} = \left(\frac{11}{12} \times 36 - 6\right) \text{ সে.মি.}$$

$$= (33 - 6) \text{ সে.মি.}$$

$$= 27 \text{ সে.মি.}$$


$$\text{যখন লম্ব} = 36 \text{ সে.মি. (Ans.)}$$

গ দেওয়া আছে,

সামান্ডরিকের কর্ণ 16 cm

যেহেতু সামান্ডরিকের বাহু কর্ণের থেকে বড় হতে পারে না তাই লম্ব $\neq 36$ cm এবং ভূমি $\neq 27$ cm.

\therefore সামান্ডরিকের বাহু দুইটি হবে 12 cm এবং 5 cm.



এখন, ABCD সামান্ডরিকের $AB = a = 12$ মিটার, $AD = c = 5$ মিটার এবং কর্ণ $BD = b = 16$ মিটার। D ও C থেকে AB এর উপর এবং AB এর বর্ধিতাংশের উপর DF ও CE লম্ব টানি। A, C ও B, D যোগ করি।

$$\triangle ABD \text{ এর অর্ধপরিসীমা } s = \frac{12+5+16}{2} \text{ মিটার} = 16.5 \text{ মিটার}$$

$$\begin{aligned} \triangle ABD \text{ এর ক্ষেত্রফল} &= \sqrt{s(s-a)(s-b)(s-c)} \\ &= \sqrt{16.5(16.5-12)(16.5-16)(16.5-5)} \text{ বর্গমিটার} \\ &= \sqrt{16.5 \times 4.5 \times 0.5 \times 11.5} \text{ বর্গমিটার} \\ &= 20.66 \text{ বর্গমিটার (প্রায়)} \end{aligned}$$

$$\text{আবার, } \triangle \text{ ক্ষেত্র ABD এর ক্ষেত্রফল} = \frac{1}{2} AB \times DF$$

$$\text{বা, } 20.66 = \frac{1}{2} \times 12 \times DF$$

$$\text{বা, } 6DF = 20.66$$

$$\therefore DF = 3.44 \text{ (প্রায়)}$$

এখন, $\triangle BCE$ সমকোণী।

$$\therefore BE^2 = BC^2 - CE^2 = AD^2 - DF^2 = 5^2 - (3.44)^2 = 13.166$$

$$\therefore BE = 3.63 \text{ (প্রায়)}$$

$$\text{অতএব, } AE = AB + BE = 12 + 3.63 = 15.63 \text{ (প্রায়)}$$

সমকোণী $\triangle ACE$ থেকে পাই,

$$\therefore AC^2 = AE^2 + CE^2 = (15.63)^2 + (3.44)^2 = 256.13$$

$$\therefore AC = 16 \text{ (প্রায়)}$$

নির্ণেয় কর্ণের দৈর্ঘ্য 16 মিটার (প্রায়) (Ans.)

প্রশ্ন 128 একটি বৃত্তের ব্যাস এবং পরিধির পার্থক্য 60 সে.মি.।

[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, পার্বতীপুর, দিনাজপুর □ প্রশ্ন নং ৭]

- ক. বৃত্তটির ব্যাসার্ধ নির্ণয় কর। ২
- খ. বৃত্তটির ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফল বিশিষ্ট বর্গের বাহুর দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
- গ. ঐ বৃত্তের পরিধির সমান পরিসীমা বিশিষ্ট একটি সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

128 নং প্রশ্নের সমাধান

ক ধরি, বৃত্তের ব্যাসার্ধ = r সে.মি.

$$\therefore \text{বৃত্তের ব্যাস} = 2r \text{ সে.মি.}$$

$$\therefore \text{বৃত্তের পরিধি} = 2\pi r \text{ সে.মি.}$$

$$\text{প্রশ্নানুসারে, } 2\pi r - 2r = 60$$

$$\text{বা, } r(2\pi - 2) = 60$$



$$\begin{aligned} \text{বা, } r &= \frac{60}{2 \times 3.1416 - 2} \\ &= \frac{60}{4.2832} \\ &= 14 \text{ সে.মি.} \end{aligned}$$

∴ ব্যাসার্ধ 14 সে.মি. (প্রায়) (Ans.)

$$\begin{aligned} \text{বৃত্তটির ক্ষেত্রফল} &= \pi r^2 \\ &= 3.1416 \times 14^2 \\ &= 615.75 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

বর্গের বাহুর দৈর্ঘ্য a হলে ক্ষেত্রফল a^2 বর্গ একক।

শর্তমতে, $a^2 = 615.75$

∴ $a = 24.81$ সে.মি. (প্রায়) (Ans.)

গ প্রশ্নমতে, সমবাহু ত্রিভুজের পরিসীমা = বৃত্তটির পরিধি

বা, $3a = 2\pi r$ [সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য a বিবেচনা করে]

বা, $3a = 2\pi \times 14$

$$\therefore a = \frac{28\pi}{3} \text{ সে.মি.}$$

∴ সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল = $\frac{\sqrt{3}}{4} a^2$ বর্গ একক।

$$\begin{aligned} &= \frac{\sqrt{3}}{4} \left(\frac{28\pi}{3} \right)^2 \\ &= \frac{\sqrt{3}}{4} \cdot \frac{28^2 \times (3.1416)^2}{9} \\ &= 372.29 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন ১২৫ একটি সমদ্বিবাছ ত্রিভুজের পরিসীমা 16 মিটার। এর সমান সমান বাহু ভূমির $\frac{5}{6}$ গুণ।


[ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল ও কলেজ, লালমনিরহাট □ প্রশ্ন নং ৯]

ক. উদ্দীপক হতে ভূমি x মি. ধরে সমীকরণ গঠন করে চিত্র আঁক। ২

খ. ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

গ. যদি ত্রিভুজটির পরিসীমার সমান সুষম অষ্টভুজের পরিসীমা হয় তাহলে অষ্টভুজের ক্ষেত্রফল ও কেন্দ্র হতে কৌণিক বিন্দুর দূরত্ব নির্ণয় কর। ৪

১২৫ নং প্রশ্নের সমাধান



মনে করি, $\triangle ABC$ সমদ্বিবাছ যার $AB = AC$

এবং ভূমি $BC = x$ সে. মি.

∴ $AB = AC = \frac{5}{6} x$ সে. মি.

এখন, ত্রিভুজটির পরিসীমা = $AB + AC + BC$

$$\therefore 16 = \left(\frac{5}{6} x + \frac{5}{6} x + x \right) \text{ (Ans.)}$$

খ 'ক' হতে,

$$\frac{5}{6} x + \frac{5}{6} x + x = 16$$

$$\text{বা, } \frac{5x + 5x + 6x}{6} = 16$$

$$\text{বা, } 16x = 96$$

$$\text{বা, } x = \frac{96}{16}$$

$$\therefore x = 6$$

∴ ত্রিভুজটির ভূমি, $b = 6$ সে. মি. এবং


সমান সমান বাহু, $a = 6 \times \frac{5}{6}$ সে. মি. = 5 সে. মি.

আমরা জানি, সমদ্বিবাছ ত্রিভুজের ভূমি b এবং সমান সমান বাহু a

হলে ক্ষেত্রফল = $\frac{b}{4} \sqrt{4a^2 - b^2}$ বর্গ একক।

$$\begin{aligned} \therefore \text{ক্ষেত্রফল} &= \frac{6}{4} \sqrt{4 \times 5^2 - 6^2} \text{ বর্গমিটার} \\ &= \frac{6}{4} \sqrt{100 - 36} \text{ বর্গমিটার} \\ &= \frac{6}{4} \sqrt{64} \text{ বর্গমিটার} \\ &= \frac{6}{4} \times 8 \text{ বর্গমিটার} \\ &= 12 \text{ বর্গমিটার (Ans.)} \end{aligned}$$

গ



অষ্টভুজের পরিসীমা = ত্রিভুজের পরিসীমা = 16 মিটার

∴ সুষম অষ্টভুজের এক বাহু,

$$a = \frac{16}{8} = 2 \text{ মিটার}$$

অষ্টভুজ কেন্দ্রে 360°

কোণ উৎপন্ন করে।

$$\text{সুতরাং, } \angle AOB = \frac{360^\circ}{8} = 45^\circ$$

$$\text{এখন, অষ্টভুজের ক্ষেত্রফল} = \frac{na^2}{4} \cot \frac{180^\circ}{n}$$

$$= \frac{8 \cdot 2^2}{4} \cot \left(\frac{180^\circ}{8} \right)$$

$$= 8 \cdot \cot 22.5^\circ$$

$$= 19.314 \text{ বর্গ মিটার (Ans.)}$$



এখন, ΔAOB এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times AO \times BO \times \sin \angle AOB$
 $= \frac{1}{2} \times AO^2 \times \sin 45^\circ$
 $[\square AO = BO \text{ এবং } \angle AOB = 45^\circ]$
 $= \frac{AO^2}{2\sqrt{2}}$

সু্যম অষ্টভুজের ক্ষেত্রফল $= 8 \times \Delta AOB$ এ ক্ষেত্রফল
 $= 8 \times \frac{AO^2}{2\sqrt{2}}$
 $= 2\sqrt{2} AO^2$

শর্তমতে, $2\sqrt{2} AO^2 = 19.314$

বা, $AO^2 = 6.828$

$\therefore AO = 2.613$

\therefore কেন্দ্র হতে কৌণিক বিন্দুর দূরত্ব 2.613 মিটার (প্রায়) (Ans.)

প্রশ্ন ১২৬ একটি বর্গক্ষেত্রের পরিসীমা একটি আয়তক্ষেত্রের পরিসীমার সমান। বর্গক্ষেত্রের ক্ষেত্রফল 1296 বর্গমিটার কিন্তু আয়তক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থের তিনগুণ।

[লালমনিরহাট সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট □ প্রশ্ন নং ৯]

ক. চলকের মাধ্যমে বর্গক্ষেত্রের বাহু ও আয়তক্ষেত্রের বাহুর সম্পর্ক স্থাপন কর। ২

খ. আয়তক্ষেত্রের ক্ষেত্রফল ও কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। 8

গ. আয়তক্ষেত্রটির বাহিরে চতুর্দিকে 1.5 মিটার চওড়া একটি রাস্তা 25 সে.মি. দৈর্ঘ্য ও 12.5 সে.মি. প্রস্থ তলবিশিষ্ট প্রতিটি ইটের মূল্য 10 টাকা হলে, ইট দ্বারা রাস্তাটি বাঁধাই করতে কত খরচ হবে, বের কর। 8

১২৬ নং প্রশ্নের সমাধান

ক ধরি, আয়তক্ষেত্রের প্রস্থ x মিটার

\therefore দৈর্ঘ্য 3x মিটার

\therefore আয়তক্ষেত্রের পরিসীমা $= 2(x + 3x)$

$= 2 \times 4x$

$= 8x$

আবার, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a হলে পরিসীমা 4a

প্রশ্নমতে, $4a = 8x$

$\therefore a = 2x$ (Ans.)

খ এখন, বর্গক্ষেত্রের বাহুর দৈর্ঘ্য a.

\therefore ক্ষেত্রফল $= a^2$

প্রশ্নমতে, $a^2 = 1296$

বা, $a = \sqrt{1296}$

বা, $a = 36$

বা, $2x = 36$ ['ক' থেকে]

$\therefore x = 18$

\therefore আয়তক্ষেত্রের প্রস্থ, $x = 18$ মিটার

এবং দৈর্ঘ্য, $3x = 3 \times 18 = 54$ মিটার

আমরা জানি,

আয়তক্ষেত্রের ক্ষেত্রফল $=$ দৈর্ঘ্য \times প্রস্থ

$= 3x \cdot x$

$= 3x^2$

$= 3 \times 18^2$ [মান বসিয়ে]

$= 972$ বর্গমিটার (Ans.)

এবং কর্ণ $= \sqrt{(\text{দৈর্ঘ্য})^2 + (\text{প্রস্থ})^2}$

$= \sqrt{54^2 + 18^2}$

$= \sqrt{3240}$

$= 56.921$ মি. (প্রায়) (Ans.)

গ 'খ' থেকে পাই,

আয়তক্ষেত্রের দৈর্ঘ্য এবং প্রস্থ যথাক্রমে 54 মিটার এবং 18 মিটার এবং ক্ষেত্রফল 972 বর্গমিটার।

\therefore বাহিরে চতুর্দিকে 1.5 মিটার চওড়া রাস্তাসহ আয়তক্ষেত্রের

ক্ষেত্রফল $=$ দৈর্ঘ্য \times প্রস্থ

$= (54 + 2 \times 1.5)(18 + 2 \times 1.5)$ বর্গমিটার

$= (54 + 3)(18 + 3)$ বর্গমিটার

$= 57 \times 21$ বর্গমিটার

$= 1197$ বর্গমিটার

\therefore রাস্তাটির ক্ষেত্রফল $= (1197 - 972)$ বর্গমিটার

$= 225$ বর্গমিটার

এখন, 25 সে.মি. বা .25 মিটার এবং 12.5 সে.মি. বা .125 মিটার

বিশিষ্ট ইটের ক্ষেত্রফল $= (.25 \times .125)$ বর্গমিটার

$= 0.03125$ বর্গমিটার

\therefore রাস্তাটি বাঁধাই করতে প্রয়োজনীয় ইটের সংখ্যা $= \frac{225}{0.03125}$ টি

$= 7200$ টি


\therefore প্রতিটি ইটের মূল্য 10 টাকা হলে, রাস্তাটি বাঁধাই করতে খরচ হবে

$= (7200 \times 10)$ টাকা

$= 72000$ টাকা (Ans.)

প্রশ্ন ১২৭ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:

[গাইবান্ধা সরকারি উচ্চ বালক বিদ্যালয়, গাইবান্ধা □ প্রশ্ন নং ৯]



বৃত্তটির কেন্দ্র O এবং ABCD একটি অস্ফুর্লিখিত আয়তক্ষেত্র।

ক. বৃত্তটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২

খ. ABCD আয়তক্ষেত্রের পরিসীমা নির্ণয় কর। 8

গ. বৃত্তটির ব্যাসার্ধের দ্বিগুণ ব্যাসার্ধের একটি নিরেট গোলক গলিয়ে 6 মিটার ব্যাসের একটি নিরেট দন্ডে পরিণত করা হলো। দন্ডটির দৈর্ঘ্য নির্ণয় কর। 8

১২৭ নং প্রশ্নের সমাধান

ক বৃত্তটির ব্যাসার্ধ, $r = OD = 3$ মিটার।

\therefore ক্ষেত্রফল $= \pi r^2$ বর্গ একক



MWYZ (AveWkA)

$$= 3.1416 \times 3^2 \text{ বর্গমিটার}$$

$$= 28.2744 \text{ বর্গমিটার (Ans.)}$$

- খ দেওয়া আছে, $\angle OAB = 60^\circ$
 $\therefore \angle OBA = 60^\circ$ [যেহেতু $OA = OB$]
 অর্থাৎ $\angle AOB = 60^\circ$, সুতরাং AOB একটি সমবাহু ত্রিভুজ।
 $\therefore AB = CD = 3$ মিটার।
 আবার, $BD = 3 + 3 = 6$ মিটার।
 $\therefore AD = \sqrt{BD^2 - AB^2} = \sqrt{6^2 - 3^2}$
 $= 3\sqrt{3}$
 \therefore আয়তক্ষেত্রের পরিসীমা $= 2(3\sqrt{3} + 3)$
 $= 6\sqrt{3} + 6$
 $= 16.392$ মিটার (প্রায়) (Ans.)

- গ নিরেট গোলকের ব্যাসার্ধ, $r_s = 2 \times$ বৃত্তের ব্যাসার্ধ
 $= 2 \times 3$
 $= 6$ মিটার
 নিরেট দণ্ডটি বেলনাকার হবে যার ব্যাসার্ধ, $r_c = \frac{6}{2} = 3$ মি.
 এবং দৈর্ঘ্য h .

এখন, নিরেট গোলকের আয়তন = নিরেট দণ্ডের আয়তন

$$\text{বা, } \frac{4}{3} \pi \times r_s^3 = \pi r_c^2 \times h$$

$$\text{বা, } \frac{4}{3} \times 6^3 = 3^2 \times h$$

$$\text{বা, } 288 = 9h$$

$$\text{বা, } h = \frac{288}{9}$$

$$\therefore h = 32$$

$$\therefore \text{দণ্ডটির দৈর্ঘ্য } 32 \text{ মিটার। (Ans.)}$$

- প্রশ্ন ১২৮ মুহিদ ঈদের দিন বাবার সাথে তাজহাট জমিদার বাড়িতে বেড়াতে গেল। সে জমিদার বাড়িতে অনেক পুরাতন জিনিসপত্র দেখতে শুরু করল। সে যথাক্রমে 16 সে.মি., 13 সে.মি. ও 55 সে.মি. দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতাবিশিষ্ট একটি পুরাতন লোহার নিরেট আয়তাকার ঘনবস্ত্র দেখতে পেল। মুহিদ বস্ত্রটি দেখে চিন্তিত্ত করল যে, বস্ত্রটি গলিয়ে এর কর্ণের দৈর্ঘ্যবিশিষ্ট একটি সমবৃত্তভূমিক সিলিন্ডার তৈরি করা যায়।

[কুড়িগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়, কুড়িগ্রাম □ প্রশ্ন নং ৮]

- ক. উদ্দীপকের বস্ত্রটির কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ২
 খ. উক্ত লোহার বস্ত্রটির সমগ্র তলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪
 গ. উক্ত সমবৃত্ত ভূমিক সিলিন্ডারটির ব্যাসার্ধ নির্ণয় কর। ৪

১২৮ নং প্রশ্নের সমাধান

- ক ধরি, দৈর্ঘ্য, $a = 16$ সে.মি.
 প্রস্থ, $b = 13$ সে.মি.
 উচ্চতা, $c = 55$ সে.মি.
 কর্ণের দৈর্ঘ্য $= \sqrt{a^2 + b^2 + c^2}$
 $= \sqrt{16^2 + 13^2 + 55^2}$ সে.মি.
 $= 5 \times \sqrt{138}$ সে.মি.
 $= 58.74$ সে.মি. (প্রায়)

- খ 'ক' নং হতে,
 $a = 16$ সে.মি.
 $b = 13$ সে.মি.
 $c = 55$ সে.মি.
 সমগ্রতলের ক্ষেত্রফল $= 2(ab + bc + ca)$
 $= 2 \times (16 \times 13 + 13 \times 55 + 55 \times 16)$ বর্গ সে.মি.
 $= 3606$ বর্গ সে.মি. (Ans.)

$$\text{আয়তন} = abc$$

$$= 16 \times 13 \times 55 \text{ ঘন সে.মি.}$$

$$= 11440 \text{ ঘন সে.মি. (Ans.)}$$

- গ ধরি, সিলিন্ডারের ব্যাসার্ধ $= r$ সে.মি.
 এবং উচ্চতা $= h$ সে.মি.
 শর্তমতে, $h = 5 \times \sqrt{138}$ সে.মি.
 আয়তাকার ঘনবস্ত্রের আয়তন = সমবৃত্তভূমিক সিলিন্ডারের আয়তন
 $\therefore 11440 = \pi \times r^2 \times h$
 বা, $r = \sqrt{\frac{11440}{\pi \times 5\sqrt{138}}}$
 $\therefore r = 7.87$ সে.মি. (প্রায়)
 \therefore ব্যাসার্ধ $= 7.87$ সে.মি. (প্রায়) (Ans.)

- প্রশ্ন ১২৯ 6 সে.মি., 8 সে.মি. ও 10 সে.মি. ব্যাসার্ধের তিনটি নিরেট গোলককে গলিয়ে একটি নতুন নিরেট গোলক তৈরি করা হলো।

[হাজীগঞ্জ সরকারি মডেল পাইলট হাই স্কুল এন্ড কলেজ, চাঁদপুর □ প্রশ্ন নং ৯]

- ক. প্রথম গোলকের আয়তন কত? ২
 খ. নতুন গোলকের ব্যাসার্ধ এবং পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪
 গ. গোলক তিনটিকে গলিয়ে 10 সে.মি. উচ্চতা বিশিষ্ট একটি সমবৃত্তভূমিক সিলিন্ডার তৈরি করা হলে এর সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১২৯ নং প্রশ্নের সমাধান

- ক দেওয়া আছে, প্রথম গোলকের ব্যাসার্ধ $= 6$ সে.মি.
 আমরা জানি, গোলকের আয়তন $= \frac{4}{3} \pi r^3$ [$r =$ ব্যাসার্ধ]
 \therefore প্রথম গোলকের আয়তন $= \frac{4}{3} \cdot \pi \cdot 6^3$ ঘন সে.মি.
 $= 288 \times 3.1416$ ঘন সে.মি.
 $= 904.78$ ঘন সে.মি. (প্রায়)
- খ নতুন গোলকের আয়তন $= \frac{4}{3} \pi (6^3 + 8^3 + 10^3)$ ঘন সে.মি.
 $= \frac{4}{3} \pi \times 1728$ ঘন সে.মি.

ধরি, নতুন গোলকের ব্যাসার্ধ R

$$\text{সুতরাং, } \frac{4}{3} \pi R^3 = \frac{4}{3} \pi \times 1728$$

$$\text{বা, } R^3 = 1728$$

$$\therefore R = 12$$

$$\therefore \text{নতুন গোলকের ব্যাসার্ধ } 12 \text{ সে.মি.}$$

$$\text{নতুন গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল} = 4\pi R^2 \text{ বর্গ সে.মি.}$$



$$= 4 \times 3.1416 \times 12^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= 1809.56 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

গ 'খ' হতে পাই,

$$\text{গোলক তিনটির মোট আয়তন} = \frac{4}{3}\pi \times 1728 \text{ ঘন সে.মি.}$$

$$\therefore \text{সিলিন্ডারের আয়তন} = \frac{4}{3}\pi \times 1728 = 2304\pi \text{ ঘন সে.মি.}$$

ধরি, সিলিন্ডারের ব্যাসার্ধ r এবং উচ্চতা $h = 10$ সে.মি.

$$\therefore \text{সিলিন্ডারের আয়তন} = \pi r^2 h \text{ ঘন সে.মি.}$$

$$\text{শর্তমতে, } \pi r^2 h = 2304\pi$$

$$\text{বা, } r^2 \times 10 = 2304$$

$$\text{বা, } r^2 = 230.4$$

$$\therefore r = 15.1789 \text{ সে.মি. (প্রায়)}$$

\therefore সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল

$$= 2\pi r (r + h) \text{ বর্গ একক}$$

$$= 2 \times 3.1416 \times 15.1789 (15.1789 + 10) \text{ বর্গ সে.মি.}$$

$$= 2401.36 \text{ বর্গ সে.মি.}$$

$$\therefore \text{সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল } 2401.36 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

(Ans.)


প্রশ্ন ১৩০ একটি সামান্দ্রিকের বাহুর দৈর্ঘ্য 40 সে.মি. এবং 28 সে.মি. এবং ক্ষুদ্রতর কর্ণটির দৈর্ঘ্য 32 সে.মি. ও উচ্চতা 20 সে.মি.।

[টাইগারপাস বহুমুখী উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম □ প্রশ্ন নং ৯]

- ক. সামান্দ্রিকটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. অপর কর্ণটির দৈর্ঘ্য নির্ণয় কর। ৪
- গ. প্রদত্ত সামান্দ্রিকের ক্ষেত্রফলের সমান ক্ষেত্রফলবিশিষ্ট একটি বর্গাকার ক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য বের কর। ৪

১৩০ নং প্রশ্নের সমাধান

ক




মনে করি, ABCD সামান্দ্রিকের দুটি সন্নিহিত বাহু $AB = 40$ সে.মি. এবং $AD = 28$ সে.মি. এবং সামান্দ্রিকের উচ্চতা $DF = 20$ সে.মি.

$$\text{সামান্দ্রিক ABCD এর ক্ষেত্রফল} = AB \cdot DF$$

$$= 40 \cdot 20$$

$$= 800 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

খ



মনে করি, ABCD সামান্দ্রিকের AC ও BD কর্ণদ্বয় পরস্পরকে O বিন্দুতে সমদ্বিখণ্ডিত করেছে। $AC > BD$.

$$\text{এখানে, } AB = CD = 40 \text{ সে.মি.}$$

$$AD = BC = 28 \text{ সে.মি.}$$

$$DF = CE = 20 \text{ সে.মি.}$$

এবং ক্ষুদ্রতর কর্ণ $BD = 32$ সে.মি.

$$\text{সমকোণী } \triangle BEC \text{ এ } BE^2 + CE^2 = BC^2$$

$$\text{বা, } BE^2 = BC^2 - CE^2 = (28)^2 - (20)^2 = 384$$

$$\therefore BE = 19.6 \text{ সে.মি. (প্রায়)}$$

$$\therefore AE = AB + BE = 40 + 19.6 = 59.6 \text{ সে.মি.}$$


এখন, সমকোণী $\triangle ACE$ এ-

$$AC^2 = AE^2 + CE^2 = (59.6)^2 + (20)^2 = 3952.16$$

$$\therefore AC = 62.87 \text{ সে.মি. (প্রায়)}$$

$$\therefore \text{অপর বৃহত্তর কর্ণের দৈর্ঘ্য } 62.87 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

গ



'ক' হতে পাই সামান্দ্রিকের ক্ষেত্রফল = 800 বর্গ সে.মি.

$$\text{এখন, বর্গক্ষেত্রের ক্ষেত্রফল} = \text{সামান্দ্রিকের ক্ষেত্রফল}$$

$$= 800 \text{ বর্গ সে.মি.}$$

ধরি, বর্গের বাহুর দৈর্ঘ্য = x সে.মি.

$$\therefore \text{বর্গের ক্ষেত্রফল} = x^2 \text{ বর্গ সে.মি.}$$

$$\therefore x^2 = 800$$

$\triangle ABC$ হতে পাই,

$$AC^2 = AB^2 + BC^2 = x^2 + x^2 = 800 + 800 = 1600$$

$$\therefore AC = \sqrt{1600} = 40$$

$$\therefore \text{বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য } 40 \text{ সে.মি. (Ans.)}$$

প্রশ্ন ১৩১ একটি বেলনের ভূমির ব্যাসার্ধ 10 সে.মি. এবং বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল 942.48 বর্গ সে.মি.।

[বান্দরবান সরকারি উচ্চ বিদ্যালয়, বান্দরবান □ প্রশ্ন নং ৯]

- ক. বেলনের উচ্চতা নির্ণয় কর। ২
- খ. বেলনের সমগ্রতলের ক্ষেত্রফল কোন বৃত্তের ক্ষেত্রফলের সমান হলে ঐ বৃত্তের পরিধি নির্ণয় কর। ৪
- গ. একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে বেলনটির উচ্চতা ও ভূমির ব্যাসার্ধের সমান এবং সমগ্রতলের ক্ষেত্রফল 800 বর্গ সে.মি. হলে এর উচ্চতা নির্ণয় কর। ৪

১৩১ নং প্রশ্নের সমাধান

ক

$$\text{বেলনের ভূমির ব্যাসার্ধ, } r = 10 \text{ সে.মি.}$$

মনে করি, বেলনের উচ্চতা = h সে.মি.

$$\therefore \text{বক্রপৃষ্ঠের ক্ষেত্রফল} = 2\pi rh$$



শর্তমতে, $2\pi rh = 942.48$

$$\text{বা, } h = \frac{942.48}{2 \times 3.1416 \times 10}$$

$\therefore h = 15$ সে.মি. (প্রায়) (Ans.)

খ 'ক' হতে,

বেলনের ভূমির ব্যাসার্ধ, $r = 10$ সে.মি.

উচ্চতা, $h = 15$ সে.মি.

$$\begin{aligned} \therefore \text{বেলনের সমগ্রতলের ক্ষেত্রফল} &= 2\pi r(h + r) \\ &= 2 \times 3.1416 \times 10(15 + 10) \\ &= 20 \times 3.1416 \times 25 \\ &= 1570.8 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

\therefore বৃত্তের ক্ষেত্রফল = 1570.8 বর্গ সে.মি.

বৃত্তের ব্যাসার্ধ R হলে ক্ষেত্রফল = πR^2

শর্তমতে, $\pi R^2 = 1570.8$

$$\text{বা, } R^2 = \frac{1570.8}{3.1416}$$

$$\text{বা, } R^2 = 500$$

$\therefore R = 22.36$ সে.মি. (প্রায়)

$$\begin{aligned} \therefore \text{বৃত্তের পরিধি} &= 2\pi R \\ &= 2 \times 3.1416 \times 22.36 \\ &= 140.49 \text{ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

গ আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, $a =$ বেলনের উচ্চতা = 15 সে.মি.

আয়তাকার ঘনবস্তুর প্রস্থ, $b =$ বেলনের ভূমির ব্যাসার্ধ = 10 সে.মি.

ধরি, ঘনবস্তুর উচ্চতা = c সে.মি.

$$\therefore \text{ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল} = 2(ab + bc + ca)$$

শর্তমতে, $2(ab + bc + ca) = 800$

$$\text{বা, } 15 \times 10 + 10c + 15c = 400$$

$$\text{বা, } 25c = 400 - 150$$

$$\therefore c = \frac{250}{25} = 10 \text{ সে.মি.}$$

\therefore উচ্চতা 10 সে.মি. (প্রায়) (Ans.)

প্রশ্ন 132 একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 1050 বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য 5 মিটার কম হত তাহলে এটি বর্গক্ষেত্র হত। আবার, একটি লোহার পাইপের ভেতরের ও বাইরের ব্যাস যথাক্রমে 18 সে.মি. ও 20 সে.মি. এবং উচ্চতা 5 মিটার। [কিশোরী মোহন বালিকা উচ্চ বিদ্যালয়, সিলেট □ প্রশ্ন নং ৯]

- ক. একটি সুষম অষ্টভুজের শীর্ষকোণের পরিমাণ নির্ণয় কর। 2
খ. আয়তক্ষেত্রটির পরিবৃত্তের অনধিকৃত অংশের ক্ষেত্রফল নির্ণয় কর। 8
গ. পাইপটিকে গলিয়ে 6 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি নিরেট দণ্ডে পরিণত করা হলে দণ্ডটির উচ্চতা কত হবে নির্ণয় কর। 8

132 নং প্রশ্নের সমাধান

ক সুষম বহুভুজের বাহু সংখ্যা n হলে শীর্ষকোণ = $\frac{180^\circ(n-2)}{n}$
 \therefore সুষম অষ্টভুজের শীর্ষকোণের পরিমাণ = $\frac{180^\circ(8-2)}{8}$
 $= 135^\circ$ (Ans.)

খ সৃজনশীল 26 নং সমাধান দ্রষ্টব্য।

গ দেওয়া আছে,

লোহার পাইপের ভেতরের ব্যাস 18 সে.মি.

বাইরের ব্যাস 20 সে.মি.

এবং উচ্চতা 5 মিটার = 500 সে.মি.

ধরি, নিরেট দণ্ডের উচ্চতা হবে h .

$$\text{শর্তমতে, } \pi \left(\frac{20}{2}\right)^2 \times 500 - \pi \left(\frac{18}{2}\right)^2 \times 500 = \pi \times 6^2 \times h$$

$$\Rightarrow \pi \times 500(10^2 - 9^2) = \pi \times 36 \times h$$

$$\Rightarrow h = \frac{500 \times 19}{36}$$

$\therefore h = 263.89$ cm (প্রায়)

\therefore নিরেট দণ্ডটির উচ্চতা হবে 263.89 cm (প্রায়) (Ans.)


প্রশ্ন 133 একটি বর্গাকার জমি ও একটি আয়তাকার জমির পরিসীমা সমান। আয়তাকার জমির দৈর্ঘ্য প্রস্থের চারগুণ। বর্গাকার জমির ভিতর দিয়ে দৈর্ঘ্য বরাবর 4 মি. চওড়া একটি রাস্তা আছে। রাস্তার ক্ষেত্রফল 624 ব.মি.। প্রতি ব.মি. জমিতে গাছ লাগাতে খরচ হয় 250 টাকা।

[গোলাপগঞ্জ জামেয়া ইসলামিয়া উচ্চ বিদ্যালয়, সিলেট □ প্রশ্ন নং ৯]

- ক. চিহ্নিত চিত্রসহ সমদ্বিবাছ ত্রিভুজের ক্ষেত্রফল নির্ণয়ের সূত্র লেখ। 2
খ. রাস্তাবাদে বর্গাকার জমির ভিতরের ক্ষেত্রফল বের কর। 8
গ. আয়তাকার জমিতে গাছ লাগাতে মোট কত খরচ হবে? 8


133 নং প্রশ্নের সমাধান

ক



$$\text{সমদ্বিবাছ ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{b}{4} \sqrt{4a^2 - b^2}$$

খ



ধরি, বর্গাকার জমির প্রতি বাহুর দৈর্ঘ্য x .

দেওয়া আছে, রাস্তাটির ক্ষেত্রফল 624 বর্গ মি.

$$\text{শর্তমতে, } x^2 - (x-8)^2 = 624$$

$$\Rightarrow x^2 - (x^2 - 16x + 64) = 624$$

$$\Rightarrow x^2 - x^2 + 16x - 64 = 624$$

$$\Rightarrow 16x = 624 + 64$$

$$\therefore x = 43$$

\therefore রাস্তাবাদে বর্গাকার জমির ভিতরের ক্ষেত্রফল = $(x-8)^2$

$$= (43-8)^2$$

$$= 35^2$$

= 1225 ব.মি. (Ans.)

- গ বর্গাকার জমির পরিসীমা = 43×4 মি.
 = 172 মিটার
 = আয়তাকার জমির পরিসীমা
 ধরি, আয়তাকার জমির প্রস্থ x এবং দৈর্ঘ্য $4x$.
 \therefore পরিসীমা = $2(x + 4x) = 2 \times 5x = 10x$
 শর্তমতে, $10x = 172$
 $\Rightarrow x = 17.2$
 \therefore আয়তাকার জমির প্রস্থ, $x = 17.2$ মি.
 এবং দৈর্ঘ্য, $4x = 4 \times 17.2$ মিটার = 68.8 মি.
 \therefore আয়তাকার জমির ক্ষেত্রফল = দৈর্ঘ্য \times প্রস্থ
 = 68.8×17.2 বর্গ মি.
 = 1183.36 বর্গ মি.
 \therefore আয়তাকার জমিতে গাছ লাগাতে মোট খরচ হয় (1183.36 \times 250) টাকা = 295840 টাকা (Ans.)

প্রশ্ন ১৩৪ একটি বৃত্তাকার মাঠকে ঘিরে একটা রাস্তা আছে। রাস্তাটির বাইরের পরিধি ভিতরের পরিধি অপেক্ষা 22 মিটার বড়। প্রতি বর্গ মিটার রাস্তা দিয়ে ইট বসাতে খরচ হয় ৩০০ টাকা।

[ন্যাচারেল গ্যাস ফার্টলাইজার ফ্যাক্টরি স্কুল, সিলেট □ প্রশ্ন নং ৯]

- ক. 28 সে.মি. ব্যাস বিশিষ্ট বৃত্তের পরিধি নির্ণয় কর। ২
 খ. রাস্তাটি কত মিটার চওড়া তা নির্ণয় কর। ৪
 গ. মাঠের ব্যাসার্ধ 35 মিটার হলে, রাস্তাটিতে ইট বসাতে কত খরচ হবে তা নির্ণয় কর। ৪

১৩৪ নং প্রশ্নের সমাধান

- ক দেওয়া আছে, বৃত্তের ব্যাস, $2r = 28$ সে.মি.
 আমরা জানি, বৃত্তের পরিধি = $2\pi r$ একক
 = $\pi \times 2r$ একক
 = 3.1416×28 সে.মি.
 = 87.965 সে.মি. (প্রায়) (Ans.)

খ সৃজনশীল ১২(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ সৃজনশীল ১২(গ) নং সমাধান দ্রষ্টব্য।


প্রশ্ন ১৩৫ 48 মিটার লম্বা একটি খুঁটি ভেঙ্গে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করল।

[আলী আমজাদ সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, মৌলভীবাজার □ প্রশ্ন নং ৮]

- ক. উপরোক্ত তথ্যের ভিত্তিতে সংক্ষিপ্ত বিবরণসহ চিত্রটি আঁক। ২
 খ. খুঁটিটি কত উচ্চতায় ভেঙ্গেছিল? ৪
 গ. খুঁটির ভাঙ্গা অংশের এক চতুর্থাংশ ব্যাসার্ধ নিয়ে একটি বৃত্তের পরিধির সমান পরিসীমা বিশিষ্ট বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য নির্ণয় কর। ৪

১৩৫ নং প্রশ্নের সমাধান

ক



মনেকরি, $AB = 48m$ লম্বা একটি খুঁটি D বিন্দুতে ভেঙ্গে গিয়ে সম্পূর্ণ বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে C বিন্দুতে $\angle BCD = 30^\circ$ কোণ উৎপন্ন করেছে।

খ ধরি, খুঁটিটি h উচ্চতায় ভেঙ্গেছে।

\therefore 'ক' এর চিত্র থেকে, $BD = h$ মি.

$CD = AD = (48 - h)$ মি.

এখন, সমকোণী $\triangle BCD$ এর চিত্র হতে পাই,

$$\sin \angle BCD = \frac{BD}{CD}$$

$$\Rightarrow \sin 30^\circ = \frac{h}{48 - h}$$

$$\Rightarrow \frac{1}{2} = \frac{h}{48 - h}$$

$$\Rightarrow 2h = 48 - h$$

$$\Rightarrow 3h = 48$$

$$\therefore h = 16$$

\therefore খুঁটিটি ভূমি থেকে $h = 16m$ উচ্চতায় ভেঙ্গেছিল।

গ 'খ' থেকে পাই, $h = 16$ মিটার

\therefore খুঁটির ভাঙ্গা অংশ = $48 - 16$ মিটার = 32 মিটার

\therefore বৃত্তটির ব্যাসার্ধ = $\frac{1}{4} \times 32$ মি. = 8 মি.

এবং পরিধি = $2\pi r$

$$= 2\pi \times 8 \text{ মি.}$$

$$= 16\pi \text{ মি.}$$

= বর্গক্ষেত্রের পরিসীমা

\therefore বর্গক্ষেত্রের একটি বাহুর দৈর্ঘ্য, $a = \frac{16\pi}{4}$ মি. = 4π মি.

\therefore বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য = $a\sqrt{2}$ মি.

$$= 4\pi\sqrt{2} \text{ মি.}$$

$$= 17.77 \text{ মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ১৩৬ একটি আয়তক্ষেত্রের ক্ষেত্রফল 1050 বর্গমিটার। যদি এর দৈর্ঘ্য 5 মিটার কম হয় তবে ক্ষেত্রটি বর্গাকার হয়।

[বর্ডার গার্ড পাবলিক হাই স্কুল, শ্রীমঙ্গল, মৌলভীবাজার □ প্রশ্ন নং ৯]

- ক. 14 সে.মি. ব্যাস বিশিষ্ট বৃত্তের পরিধি নির্ণয় কর। ২
 খ. আয়তক্ষেত্রের দৈর্ঘ্য ও প্রস্থ নির্ণয় কর। ৪
 গ. আয়তাকার ক্ষেত্রটিকে বৃত্তের বাহুর চারদিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

১৩৬ নং প্রশ্নের সমাধান


ক বৃত্তের ব্যাস d হলে পরিধি = πd

\therefore 14 সে.মি. ব্যাস বিশিষ্ট বৃত্তের পরিধি = $(\pi \times 14)$ সে.মি.

$$= 43.98 \text{ সে.মি. (প্রায়)}$$

খ সৃজনশীল ২৬(খ) নং সমাধান দ্রষ্টব্য।

গ



‘খ’ হতে পাই, আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য = 35 মি.

এবং প্রস্থ = 30 মি.

বৃহত্তর বাহুর চতুর্দিকে আয়তাকার ক্ষেত্রটিকে ঘুরালে চিত্রের ন্যায় বেলনাকৃতির ঘনবস্তুর উৎপন্ন হয়, যার ভূমির ব্যাসার্ধ 30 মি. এবং উচ্চতা = 35 মিটার।

$$\therefore \text{বেলনাকৃতি ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল} = 2\pi \times 30(30 + 35) \\ = 12252.21 \text{ বর্গ মি. (প্রায়)}$$

$$\text{এবং বেলনাকৃতি ঘনবস্তুর আয়তন} = \pi(30)^2 \times 35 \\ = 98960.17 \text{ ঘন মিটার (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ১৩৭ একটি রম্বসের কর্ণদ্বয় 40 সে.মি. এবং 60 সে.মি.।

[তাসলিমা মেমোরিয়াল একাডেমী, বরগুনা □ প্রশ্ন নং ৯]

- ক. রম্বসটির ক্ষেত্রফল নির্ণয় কর। ২
- খ. রম্বসটির সমান ক্ষেত্রফল বিশিষ্ট একটি আয়তের দৈর্ঘ্য, প্রস্থের তিনগুণ। আয়তটির পরিসীমা নির্ণয় কর। 8
- গ. রম্বসটির পরিসীমা ও উচ্চতা নির্ণয় কর। 8

১৩৭ নং প্রশ্নের সমাধান

ক আমরা জানি,

$$\text{রম্বসের ক্ষেত্রফল} = \frac{1}{2} \times \text{কর্ণদ্বয়ের গুণফল}$$

দেওয়া আছে, কর্ণদ্বয় 60 সে.মি. এবং 40 সে.মি.

$$\therefore \text{ক্ষেত্রফল} = \frac{1}{2} \times 60 \times 40 = 1200 \text{ বর্গ সে. মি.}$$

খ ‘ক’ থেকে পাই, রম্বসের ক্ষেত্রফল 1200 বর্গ সে.মি.

মনে করি, আয়তের প্রস্থ x সে.মি.

প্রশ্নমতে, আয়তের দৈর্ঘ্য = $3x$ সে.মি.

শর্তমতে, $3x \cdot x = 1200$

$$\text{বা, } 3x^2 = 1200$$

$$\text{বা, } x^2 = 400$$


বা, $x = 20$

\therefore প্রস্থ, $x = 20$ সে.মি.

দৈর্ঘ্য, $3x = 60$ সে.মি.

$$\therefore \text{আয়তটির পরিসীমা} = 2(20 + 60) \\ = 160 \text{ সে.মি.}$$

গ



দেওয়া আছে কর্ণদ্বয়, 60 সে. মি. ও 40 সে. মি.

এখানে, $BD = 60$ সে. মি.

$AC = 40$ সে. মি.

আমরা জানি, রম্বসের কর্ণদ্বয় পরস্পরকে সমকোণে সমদ্বিখণ্ডিত করে।

উপরের চিত্রে AC ও BD কর্ণদ্বয় পরস্পর O বিন্দুতে ছেদ করে।

$$\therefore OC = \frac{1}{2} AC = \frac{1}{2} \times 40 = 20 \text{ সে. মি.}$$

$$OB = \frac{1}{2} BD = \frac{1}{2} \times 60 \text{ সে. মি.} = 30 \text{ সে. মি.}$$

সমকোণী $\triangle OBC$ -এ

$$BC^2 = OB^2 + OC^2$$

$$\therefore BC = \sqrt{30^2 + 20^2}$$

$$\therefore BC = 10\sqrt{13} = a$$

যেহেতু রম্বসের ক্ষেত্রে প্রতি বাহু সমান সেহেতু রম্বসের পরিসীমা

$$= 4a$$

$$= 4 \times 10\sqrt{13} \text{ সে. মি.}$$

$$= 40\sqrt{13} \text{ সে. মি. (Ans.)}$$

ধরি রম্বসের উচ্চতা, $h = DE$

‘ক’ থেকে পাই, ক্ষেত্রফল = 1200 বর্গ সে. মি.

$$\therefore BC \times h = 1200$$

$$\text{বা, } h = \frac{1200}{10\sqrt{13}}$$

$$\therefore h = 33.28 \text{ (প্রায়)}$$

$$\therefore \text{উচ্চতা} = 33.28 \text{ সে. মি. (প্রায়) (Ans.)}$$

